রাজ্যের জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষা ২৪ মে ...পৃঃ ৩

কর্মক্ষেত্র তথ্যভাণ্ডার ...পৃঃ ১২


# কর্মক্ষেত্র

ISSN 0971-7765

বর্ষ ৪৬ সংখ্যা ৩৩ কলকাতা বুধবার, ১১ মার্চ ২০২৬/১

বাঙালির কর্মজীবনের প্রবেশপথ

২৬ ফাল্গুন ১৪৩২ দাম ৬.০০ টাকা ১২ পাতা R. N. 37120/80


ডব্লু বি সি এস প্রিলিমিনারি পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর ...পৃঃ ৮

## ইতারসি অর্ডন্যান্স ফ্যাক্টরিতে
# ২৬৫ কেমিক্যাল প্রোসেস ওয়ার্কার

কেমিক্যাল প্রোসেস ওয়ার্কার পদে ২৬৫ জনকে নেবে মধ্যপ্রদেশের ইতারসি অর্ডন্যান্স ফ্যাক্টরি। এটি **প্রতিরক্ষা মন্ত্রকের অধীনস্থ একটি** সংস্থা। প্রাথমিক ভাবে নিয়োগ করা হবে ১ বছরের চুক্তিতে। প্রয়োজন অনুসারে চুক্তির মেয়াদ ৪ বছর পর্যন্ত বাড়ানো হতে পারে।

**ক্যাটেগরি অনুসারে আসনসংখ্যার বিবরণ:** সাধারণ ১০৮, তফসিলি জাতি ৩৯, তফসিলি উপজাতি ৫৩, ওবিসি ৩৯, আর্থিক ভাবে অনগ্রসর ২৬। এর মধ্যে ২৬টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত হবে।

**শিক্ষাগত যোগ্যতা:** দেশের কোনও অর্ডন্যান্স ফ্যাক্টরি বা সরকারি বা স্বীকৃত বেসরকারি প্রতিষ্ঠানে অ্যাটেন্ড্যান্ট অপারেটর কেমিক্যাল প্লান্ট ট্রেডে অ্যাপ্রেন্টিশিপ ট্রেনিং নিয়ে থাকতে হবে এবং এনসিভিটি (পূর্বতন এনসিটিভিটি) স্বীকৃত ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট থাকতে হবে।

**বয়স:** ২৭-৩-২০২৬ তারিখে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**শুরুতে বেতন:** ১৯,৯০০ টাকা, সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা।

প্রাথমিক ভাবে মেধার ভিত্তিতে বাছাই করা প্রার্থীদের নির্বাচিত করা হবে ট্রেড টেস্টের মাধ্যমে।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান ডাউনলোড করে নেবেন এই দুই ওয়েবসাইটের মধ্যে যে-কোনও একটি থেকে: https://munitionsindia.in, https://ddpdoo.gov.in প্রার্থীর চালু ই-মেল আইডি ও মোবাইল নম্বর থাকতে হবে। দরখাস্ত পূরণ করবেন যথাযথ ভাবে।

এরপর দুয়ের পাতায়

## আইডিবিআই ব্যাঙ্কে
# ২০০ অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার

অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (গ্রেড 'এ') পদে ২০০ জনকে নেবে আইডিবিআই ব্যাঙ্ক। প্রথমে ১ বছরের প্রবেশন। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 6/2025-26.

**শূন্যপদের বিবরণ:** অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার: সাধারণ ৮১, তফসিলি জাতি ৩০, তফসিলি উপজাতি ১৫, ওবিসি ৫৪, আর্থিক ভাবে অনগ্রসর ২০। এর মধ্যে ২টি করে শূন্যপদ অস্থি, শ্রবণ, দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধী এবং বৌদ্ধিক প্রতিবন্ধী বা একাধিক প্রতিবন্ধকতা আছে এমন প্রার্থীদের জন্য সংরক্ষিত থাকবে।

শিক্ষাগত যোগ্যতা: স্নাতক, সঙ্গে কোনও স্বীকৃত প্রাইভেট বা পাবলিক ব্যাঙ্ক বা রুর‍্যাল বা কো-অপারেটিভ ব্যাঙ্কে অন্তত ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। ব্রাঞ্চ ব্যাঙ্কিং, অপারেশনস, রিটেল অ্যাসেটস, ক্রেডিট, সেলস ও ব্যাঙ্কিং প্রোডাক্টস-সংক্রান্ত ক্ষেত্রে কাজের অভিজ্ঞতা থাকলে, সিএ বা সিএমএ বা সিএফএ বা আইসিডব্লুএ বা জেএআইআইবি বা সিএআইআইবি

এরপর দুয়ের পাতায়

## দিল্লি সরকারে
# ১০৭

বিভিন্ন পদে ২১৬ জন কর্মী নেবে দিল্লি সরকার। অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার, রেডিয়োগ্রাফার, মিটার অ্যান্ড রিলে টেস্টার, পাটোয়ারি, জুনিয়র রেডিয়োগ্রাফার-সহ বিবিধ পদে নিয়োগ করা হবে। প্রার্থী বাছাই করবে দিল্লি সাবঅর্ডিনেট সার্ভিসেস সিলেকশন বোর্ড। পশ্চিমবঙ্গের প্রার্থীরা কেবল সাধারণ ক্যাটেগরির প্রার্থীদের জন্য নির্দিষ্ট শূন্যপদে আবেদন জানাতে পারবেন। তাই এখানে সাধারণ ক্যাটেগরির প্রার্থীদের জন্য নির্দিষ্ট ১০৭টি

এরপর চারের পাতায়

# অ্যাকসেঞ্চারে ৮৩২৭ গ্র্যাজুয়েট

সাপ্লাই চেন অপারেশনস অ্যাসোসিয়েট নেবে তথ্যপ্রযুক্তি সংস্থা অ্যাকসেঞ্চার। নিয়োগ হবে অপারেশনস ও ডেলিভারি বিভাগে। বেশিরভাগ শূন্যপদ কলকাতায়।

সংস্থার তরফে জানানো হয়েছে, অপারেশনস ও ডেলিভারি বিভাগে এই মুহূর্তে মোট ৮,৩২৭টি শূন্যপদ রয়েছে। এর মধ্যে ফ্রেশারদের জন্য রয়েছে ৪,৮৮৬টি শূন্যপদ। ফ্রেশাররা আবেদন করতে পারেন সাপ্লাই চেন অপারেশনস অ্যাসোসিয়েট পদে। অন্তত ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকলে চাকরি পাওয়ার ক্ষেত্রে এগিয়ে থাকা যাবে। সংস্থা জানিয়েছে, যে-কোনও শাখার গ্র্যাজুয়েটরাই সাপ্লাই চেন অপারেশনস অ্যাসোসিয়েট পদে আবেদনের যোগ্য। তবে সাপ্লায়ার রিলেশনশিপ ম্যানেজমেন্টের কাজ সম্পর্কে খানিক ধারণা থাকা দরকার।

অন্তত ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকলে অপারেশনস ও ডেলিভারি বিভাগের আরও ২,৩০৬টি শূন্যপদে আবেদন করা যাবে। বাকি শূন্যপদগুলি আরও বেশি অভিজ্ঞদের জন্য নির্দিষ্ট।

প্রসঙ্গত, সাপ্লাই চেন অপারেশনস অ্যাসোসিয়েট পদের ক্ষেত্রে যে-কোনও শাখার গ্র্যাজুয়েটরাই আবেদনের যোগ্য। লজিস্টিক্স বা সাপ্লাই চেন ম্যানেজমেন্ট নিয়ে যাঁরা পড়াশোনা করেছেন, তাঁদের জন্যও অপারেশনস ও ডেলিভারি বিভাগে চাকরির ভালো সুযোগ রয়েছে।

আগ্রহীরা আবেদন করবেন এই ওয়েবসাইটের মাধ্যমে: https://www.accenture.com/in-en/careers ওয়েবসাইটে 'সার্চ ওপেন রোলস'-এ ক্লিক করলে নিয়োগের জন্য বিভিন্ন বিভাগের তালিকা পাবেন। 'অপারেশনস অ্যান্ড ডেলিভারি' বিভাগে ক্লিক করলে পদ অনুসারে অনলাইন আবেদনের উইন্ডো পাওয়া যাবে।

## কলকাতা পুরসভায়
# ১২৫ স্বাস্থ্যকর্মী

স্টাফ নার্স, ফার্মাসিস্ট ও ল্যাবরেটরি টেকনিশিয়ান পদে ১২৫ জনকে নেবে কলকাতা পুরসভা। চুক্তিতে নিয়োগ করা হবে ন্যাশনাল আর্বান হেলথ মিশন প্রকল্পে। প্রার্থীকে অবশ্যই পশ্চিমবঙ্গের বাসিন্দা হতে হবে এবং বাংলা জানতে হবে।

শূন্যপদের বিন্যাস: স্টাফ নার্স: ৮৬টি (সাধারণ ৩৩, সাধারণ-দক্ষ খেলোয়াড় ২, সাধারণ-দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধী ১, সাধারণ-শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধী ১, সাধারণ-একাধিক প্রতিবন্ধকতাযুক্ত প্রার্থী ১, তফসিলি জাতি ১৮, তফসিলি জাতি-দৈহিক প্রতিবন্ধী ১, তফসিলি উপজাতি ৬, ওবিসি-এ ৮, ওবিসি-বি ৭, আর্থিক ভাবে অনগ্রসর ৮)।

শিক্ষাগত যোগ্যতা: স্বীকৃত প্রতিষ্ঠান থেকে জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারি (জিএনএম) কোর্স পাশ। অথবা, বি এসসি নার্সিং কোর্স পাশ। ওয়েস্ট বেঙ্গল নার্সিং কাউন্সিলে প্রার্থীর নাম নথিভুক্ত থাকতে হবে।

বেতন: প্রতি মাসে ২৫,০০০ টাকা।

এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 08-/Kolkata City NUHM Society/2025-26.

এরপর চারের পাতায়

# ভারতীয় সেনাবাহিনীতে অগ্নিবীর

বেশ কিছু অগ্নিবীর নিয়োগ করবে ভারতীয় সেনাবাহিনী। পুরুষ-মহিলা উভয়ই আবেদনের যোগ্য। নিয়োগ করা হবে অগ্নিবীর জেনারেল ডিউটি (মিলিটারি পুলিশে মহিলা অগ্নিবীর-সহ), অগ্নিবীর টেকনিক্যাল, অগ্নিবীর ক্লার্ক/স্টোরকিপার টেকনিক্যাল, অগ্নিবীর ট্রেডসম্যান পদে। প্রার্থীকে অবিবাহিত হতে হবে। এ ছাড়া বিধবা, ডিভোর্সি, আইনত স্বামীবিচ্ছিন্না মহিলারা, সন্তান না থাকলে এবং পুনরায় বিবাহ করে না থাকলে আবেদন করতে পারেন।

**বয়স:** ১-১-২০২৭ অথবা ১-৭-২০২৭ তারিখে সাড়ে ১৭ থেকে ২২ বছরের মধ্যে হতে হবে।

**বেতন:** প্রথম বছরে প্রতি মাসে ৩০,০০০ টাকা, দ্বিতীয় বছরে প্রতি মাসে ৩৩,০০০ টাকা, তৃতীয় বছরে প্রতি মাসে ৩৬,৫০০ টাকা এবং চতুর্থ বছরে প্রতি মাসে ৪০,০০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে দু'পর্যায়ে— কম্পিউটারভিত্তিক অনলাইন পরীক্ষা এবং র‍্যালির মাধ্যমে। পরীক্ষা জুন মাসে। র‍্যালিতে থাকবে দৈহিক মাপজোক যাচাই, দৈহিক সক্ষমতার পরীক্ষা, নথিপত্র যাচাই, মেডিক্যাল টেস্ট। দৈহিক সক্ষমতার

এরপর তিনের পাতায়

# স্টেট ব্যাঙ্কে ১০৪
## ডেপুটি ম্যানেজার

ডেপুটি ম্যানেজার পদে ১০৪ জনকে নেবে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়া। আইএস অডিট ও চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট-ইন্টারনাল অডিট শাখায় মিডল ম্যানেজমেন্ট গ্রেড স্কেল টুয়ে নিয়োগ করা হবে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: CRPD/SCO/2025-26/27.

**শূন্যপদের বিবরণ:** আইএস অডিট: ৪৩টি (সাধারণ ১৭, তফসিলি জাতি ৯, তফসিলি উপজাতি ৩, ওবিসি ১০, আর্থিক ভাবে অনগ্রসর ৪)। **শিক্ষাগত যোগ্যতা:** কম্পিউটার সায়েন্স বা সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং বা আইটি বা ইলেক্ট্রনিক্স বা সমতুল বিষয়ে মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ বি ই বা বি টেক বা বি এসসি বা এম টেক বা এম এসসি। বিসিএ বা এমসিএ ডিগ্রি থাকলেও আবেদন করা যাবে। পাশাপাশি, সংশ্লিষ্ট ক্ষেত্রে ৩ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। সিআইএসএ, সিআইএসএসপি, সিআইএসএম,

এরপর চারের পাতায়

ফুরোবার আগেই সংগ্রহ করুন




ও আরও অনেক কিছু

স্বনির্ভরতার সন্ধান

# প্রশিক্ষণ নিয়ে সস তৈরির ব্যবসা



**সস বা কাসুন্দি ছাড়া ভাজাভুজি বা চাউমিন খাওয়াই চলে না। তাই সারা বছর বাজারে সস-কাসুন্দির চাহিদা থাকে তুঙ্গে। প্রশিক্ষণ নিয়ে ঘরোয়া ভাবে সস-কাসুন্দি বানিয়ে ব্যবসা করতে পারেন। তবে ব্যবসা শুরুর জন্য ট্রেড লাইসেন্স লাগবে।**

**নিজস্ব প্রতিনিধি:** গোটা পৃথিবীতেই রান্নায় সসের ব্যবহার বহুল প্রচলিত। আমাদের দেশে টম্যাটো, চিলি এবং সোয়া সসের ব্যবহার বেশি। তবে সস জনপ্রিয় হলেও ভাজাভুজি-প্রিয় বাঙালির আর-এক পছন্দ কাসুন্দি।

রাস্তার ফুড স্টল থেকে পাঁচতারা হোটেল— কাসুন্দি ও সস, দু'য়েরই ব্যবহার দেখা যায়। সারা বছরই বাজারে এ দু'টির চাহিদা আছে। বিশেষ করে উৎসবের দিনগুলিতে চাহিদা তুঙ্গে ওঠে।

বেকার তরুণ-তরুণীরা সস, কাসুন্দি তৈরি করে ব্যবসার কথা ভাবতে পারেন। তবে ব্যবসা শুরু করার আগে উপযুক্ত প্রশিক্ষণ এবং লাইসেন্সের প্রয়োজন।

বাড়িতে বসেই উৎপাদন ও বিপণনের কাজ শুরু করতে পারেন।

### প্রশিক্ষণ

**প্রগতি রিসার্চ ইনস্টিটিউট**

কেন্দ্রীয় সরকার কর্তৃক স্বীকৃত প্রগতি রিসার্চ ইনস্টিটিউট টম্যাটো সস, চিলি সস, সোয়া সস, কাসুন্দি ও আমের আচার তৈরির প্রশিক্ষণ

এরপর দুয়ের পাতায়

# কর্মক্ষেত্র

## শ্রেণিবদ্ধ বিজ্ঞাপন

### কর্মখালি

কলকাতার নামী Co.তে অফিস স্টাফ (50-65) Fixed 20-60K, টেলিকলার ও মার্কেটিং স্টাফ 5-7K চাই। এটা কোনও Insurance/IRDA Related নয়। 83450-23181.

□

**Retd Govt/ Pvt/ Bank/ রেল/** ব্যবসায়ীদের (40-70) Part/Full Time জব Big Indian Co in Kol. Income+PF+Med. খোলামনে কথা বলুন। সারথি-90075-10903.

□

**STRESSLESS JOB for Govt/** PSU/Bank/Retd/VRS (HS+, 35-65)-দের জন্য সম্মানের সঙ্গে কলকাতায় অফিসে বসে উচ্চ আয়ের সুযোগ। M: 86172-60189/79801-01938.

□

**Urgently Reqd for Pharmacy** Kol-Pharmacist, Bill Man & Back Office Staff (Computer) abhisekb 001@gmail.com, 93308-31685.

□

**Running Diagnostic at Sodepur** 110 required Path X-ray USG Report Typist- Receptionist Room Boy Technical Technicians NCV EEG etc. Send CV WApp No 98237-61504.

□

**Somani Interior-এ অভিজ্ঞ Site** Supervisor (Male) চাই। Office/ Retail Interior কাজে ৩-৫ বছর অভিজ্ঞতা ও Drawing জ্ঞান আবশ্যক। M: 98363-17836.

□

**For Polyclinic at Deshapriya** Park 1. Receptionist (graduate with good computer skills) 2. Office Boy (HS). Call 80172-97208 (6-8 pm).

□

**সোনা রূপার দোকানে কাউন্টার** সেলসম্যান (পুরুষ) চাই। কলিস্থ প্রার্থী অগ্রগণ্য। ঠিকানা-AE 336, সল্টলেক সেক্টর-1, Kol-64 কোয়ালিটি বাসস্টপের কাছে 98311-85454.

□

**Telecallers/ Telecounselors** required for a reputed educational organization in Central Kolkata. Freshers may also apply Contact 62923-12831 to schedule interview.

□

### কর্মখালি

**Manager post in Reputed MNC** for Retd/ VRS/ Housewife/ Businessman/Freshers. 25-70, HS+. Salary 10K-60K+PF+Bonus +Medical. 93309-37941.

□

**অভিজ্ঞতা ও যোগাযোগের মাধ্যমে** জনকল্যানমূলক কাজে যুক্ত হয়ে পার্টটাইম জবে অর্থ উপার্জন ও নতুন করে নিজে প্রতিষ্ঠিত হন। 35-67, HS+. 97482-49693/62954-60095.

□

**মহিলা রিসেপশনিস্ট, কম্পিউটার জ্ঞান** সম্পন্না 40 অনূর্ধ্বা এবং হাউস কিপিং ও রুম সার্ভিস বয় প্রয়োজন। যোগাযোগ-universe.mme@gmail.com

□

**Urgently reqd in MNC for SR.** POST. Retd/VRS (Govt/Pvt/ Bank/ Rly/PSU/BSF). Age 25-70, HS+. (20K-35K/PM)+PF+ESI+Medical. 70038-37242.

□

**কলকাতায় নামী কোম্পানীতে শিক্ষিত,** কর্মঠ সুপারভাইজার ও ইলেক্ট্রিশিয়ান (40 অনূর্ধ্ব) প্রয়োজন যোগাযোগ-mme.cesc@gmail.com

□

**Sales Person (Automobile Spare** Parts) Required. Travel within South Bengal. WhatsApp CV: 98310-73975.

□

**Reputed Corporate Gr. Reqd** Retd/ Housewife/ Businessman/ Fresher HS+ (25-65) for Part/Full Time. Attractive Salary PF/ESI 62893-03389.

□

**Leading MNC Compressor Co.** Requires Industrial Sales Persons for Howrah & Midnapur. Preference will give for Local candidates. Mob: 99039-42015.

□

**Required by a reputed Chartered** Accountant firm in Kolkata:.Audit Assistants (CA Inter passed) and Data Entry Operators (B.Com Hons.). Knowledge of Audit, Income Tax, GST, accounting and MS Excel preferred. Interested candidates may send their resume to: vikas@rbandco.co.in

□

প্রোজেক্ট Content @স্বগৃহে ফ্রি টাইমে/ হাতে ফর্ম ফিলাপ, Biodata/ Script লিখে/Comp, ল্যাপটপ/স্মার্ট ফোনে টাইপ/6K করে সপ্তাহে আয় 98315- 37449/62915-24272.

□

### কর্মখালি

**Reqd male accounts operator,** Age 25-45, Salary 13000 PM, Add: 69 Beniatola St. Kol-5, BK Paul Avenue or 98300-44109/ 90735-13707.

□

**কলকাতা ও কলকাতার বাইরে ঘর+** রান্নার ২৪ ঘন্টার কাজ মাসে ১৪০০০-২৫০০০ বাচ্চা/পেশেন্ট দেখা ১৫০০০-৩০০০০ ও জাপা ২৭-৩৬ হাজার। Kacher Lok 62913-85823.

□

**Editor চাই**

**Bengali-তে Honours Graduate** Editor চাই। CV এবং মাধ্যমিক, উচ্চমাধ্যমিক ও Graduation-এর marksheets email করুন rayand martineditor@gmail.com-এ। 6C রমানাথ মজুমদার স্ট্রিট। কল-9. কলেজ স্ট্রিটে কলেজ স্কোয়্যারের কাছে।

□

**ব্যারাকপুর ও কাঁকুড়গাছি অফিসে বসে** কাজ HS/BA 30-65 Retd VRS ব্যাঙ্ক রেলকর্মী আর্মি টিচার ও গৃহবধূ স্বাগত 30k 94336-70388/90079-71467.

□

**অভিজ্ঞ ও ট্রেনিংপ্রাপ্ত B.Sc Math SC** BA Eng নাচ গান নিকটস্থ শিক্ষিকা চাই পাঠমন্দির স্কুল রাজপুর কালিতলা কোল-149/98743-28360/11am-3pm

□

কর্মক্ষেত্রর আগামী সংখ্যার জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ১৪ মার্চ দুপুর ২টো পর্যন্ত।

□□□

২৫ মার্চের কর্মক্ষেত্রর জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ২১ মার্চ দুপুর ২টো পর্যন্ত।

□□□

বিজ্ঞাপন দিতে আগ্রহীরা যোগাযোগ করুন: ৮৯৬১২-৪২৬২৯

### কর্মখালি

**কলকাতার নামী অফিসের জন্য বেসিক** Comp জানা অফিস স্টাফ প্রয়োজন। Fixed 60K. এটা কোনও Insurance Sales না, Totally অফিসে বসে কাজ। 95935-79277.

□

**Salary 15K + Bonus, PYTHON** and SQL knowledge must, male or female candidates required in Jadavpur office. Contact- 90514-11111.

□

**প্রখ্যাত কোম্পানির দক্ষিণ কলকাতার** অফিসে ম্যানেজার পদে কাজ করার সুবর্ণ সুযোগ অবসরপ্রাপ্তদের জন্য। Age 40-70, HS+ আয়: 4 LPA. M: 82740- 89356/82401-46669.

□

**পশ্চিমবঙ্গের Pvt দপ্তরে M/F নিয়োগ** চলছে। শূন্যপদ 2604, যোগ্যতা. অষ্টম - স্নাতক, বেতন 19K-56K, Ex আর্মিদের বিশেষ ছাড়। M. 89674-48526.

□

**প্রয়োজন ডেলিভারি ম্যান (৩ জন) ও** ড্রাইভার (১ জন) শিয়ালদহে Emami ও Colgate ডিস্ট্রিবিউটর হাউসে। বেতন ১০,০০০ থেকে ১৩,০০০ টাকা মাসিক। ডিউটি ১০-১২ ঘণ্টা। M: ৯৮০৪৯-৭৫৯৬৫।

□

**Required Electrical Engineer** with 5-6 years experience for Building project at Agartala, Tripura. Mail CV: malay.bera@mpkhaitan.com

**DISCLAIMER**
**SWARNAKSHAR PRAKASANI PVT. LTD.**
**assumes no responsibility for the authenticity or reliability of any advertisement published in this newspaper. The advertisements carried in the newspaper are accepted on good faith.**

**পাঠকের প্রতি**

কোনও বেসরকারি প্রতিষ্ঠানের বিজ্ঞাপনের উত্তরে আবেদন বা সাক্ষাৎ করার সময় কোনওরকম টাকা চাওয়া হলে সেই টাকা দেওয়া সম্পূর্ণ ন্যায়সঙ্গত কিনা সেবিষয়ে পুরোপুরি নিশ্চিত না হয়ে টাকা দেবেন না। যে-কোনও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হওয়ার আগে সংস্থাটির যাবতীয় স্বীকৃতিপত্র যাচাই করে নেওয়া সঙ্গত। বিজ্ঞাপনদাতারা কোনও প্রতিশ্রুতি পালনে ব্যর্থ হলে তার জন্য প্রকাশক, মুদ্রক, সম্পাদক এবং স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর মালিকপক্ষকে কোনওভাবেই দায়ী করা যাবে না।

# আলিপুরদুয়ারে চাকরি

সিএফএল অ্যাকাউন্ট্যান্ট অ্যান্ড এমআইএস পদে ৬২ জনকে নিয়োগ করা হবে আলিপুরদুয়ার সাব ডিভিশনের অন্তর্গত বিভিন্ন ব্লকের গ্রাম পঞ্চায়েত বা সঙ্ঘ সমবায়গুলিতে। কেবল মহিলারা আবেদন করবেন। আনন্দধারা প্রকল্পে নিয়োগ করা হবে। প্রার্থী যে-ব্লকের শূন্যপদে আবেদন করবেন, তাঁকে অবশ্যই সেই ব্লকের আনন্দধারা প্রকল্পের স্বনির্ভর দলের সদস্য হতে হবে। প্রার্থীকে স্থানীয় ভাষায় দক্ষ হতে হবে এবং বাংলা ও ইংরেজি পড়তে ও লিখতে জানতে হবে।

**ব্লক অনুসারে শূন্যপদের বিন্যাস:** আলিপুরদুয়ার-১: ১১টি। আলিপুরদুয়ার-২: ১১টি। মাদারিহাট-বীরপাড়া: ৮টি। ফালাকাটা: ১০টি। কালচিনি: ১১টি। কুমারগ্রাম: ১১টি। ব্লকের প্রতিটি গ্রাম পঞ্চায়েতে ১টি করে শূন্যপদ রয়েছে।

**শিক্ষাগত যোগ্যতা:** বাণিজ্য বিভাগে উচ্চ মাধ্যমিক বা বি কম বা সমতুল পরীক্ষায় পাশ। সেই সঙ্গে কমপক্ষে ৬ মাস মেয়াদের কম্পিউটার সার্টিফিকেট কোর্স (ওয়ার্ড/এক্সেল/পাওয়ারপয়েন্ট) করে থাকতে হবে। পাশাপাশি, আনন্দধারা প্রকল্পের স্বনির্ভর দল বা উপসঙ্ঘ বা সঙ্ঘ সমবায়ে খাতাপত্র লেখার কাজে অন্তত ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীকে অন্তত এক বার ঋণ গ্রহণ করে থাকতে হবে এবং নির্ধারিত সময়ের মধ্যে ঋণ পরিশোধ করে থাকতে হবে।

পঞ্চায়েতি রাজ সংস্থার সদস্য বা পদাধিকারীরা আবেদন করবেন না।

**বয়স:** ১-১-২০২৬ তারিখে ২১ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা, কম্পিউটার টেস্ট এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। লিখিত পরীক্ষায় অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে সাধারণ জ্ঞান (১০ নম্বর), লেখার দক্ষতা (২০ নম্বর) এবং বিষয়ভিত্তিক জ্ঞান (৩০ নম্বর) বিষয়ে। কোনও নেগেটিভ মার্কিং নেই। পরীক্ষার সময়সীমা দেড় ঘণ্টা। কম্পিউটার টেস্টে মোট নম্বর ৩০, ইন্টারভিউয়ে ১০।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: https://alipurduar.gov.in পূরণ করবেন যথাযথ ভাবে।

### পূরণ করা দরখাস্তের সঙ্গে দেবেন

✓এক কপি পাসপোর্ট মাপের রঙিন ফটো। এটি দরখাস্তের নির্দিষ্ট জায়গায় সেঁটে তার উপর সই করে দেবেন।
✓বয়স ও শিক্ষাগত যোগ্যতার যাবতীয় প্রয়োজনীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল।
✓কম্পিউটার সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল।
✓আধার বা ভোটার কার্ডের স্বপ্রত্যয়িত নকল।
✓আনন্দধারা প্রকল্পের স্বনির্ভর দলের সদস্য হওয়ার প্রমাণপত্রের স্বপ্রত্যয়িত নকল।
✓অভিজ্ঞতার সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল।

দরখাস্ত ভরা খামের উপর প্রার্থীর নাম, ঠিকানা ও ব্লকের নাম লিখে দেবেন। ২৭ মার্চের মধ্যে দরখাস্ত আলিপুরদুয়ার সাব ডিভিশন অফিসে রাখা নির্দিষ্ট বাক্সে জমা দিতে হবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# ইতারসি অর্ডন্যান্স ফ্যাক্টরিতে ২৬৫

*প্রথম পাতার পর*

### পূরণ করা দরখাস্তের সঙ্গে দেবেন

✓দরখাস্তের নির্দিষ্ট স্থানে প্রার্থীর একটি সম্প্রতি তোলা পাসপোর্ট মাপের ফটো সেঁটে দেবেন ও ফটোর উপর সই করে দেবেন। আরও ১ কপি ফটোর পিছনে প্রার্থীর নাম ও জন্মতারিখ লিখে দরখাস্তের সঙ্গে গেঁথে দেবেন।
✓বয়স এবং শিক্ষাগত যোগ্যতার যাবতীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল।
✓কাস্ট এবং ওবিসি সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল।
✓আর্থিক ভাবে অনগ্রসর প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল।
✓কাজের অভিজ্ঞতার সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (থাকলে)।

প্রয়োজনীয় নথিপত্র সহ পূরণ করা দরখাস্ত-ভরা খামের উপর লিখবেন "APPLICATION FOR THE POST OF "TENURE BASED CPW PERSONNEL ON CONTRACT BASIS." দরখাস্ত ২৭ মার্চের মধ্যে ডাকে পৌঁছতে হবে সংস্থার এই ঠিকানায়: The Chief General Manager, Ordnance Factory, Itarsi, District: Narmdapuram, Madhya Pradesh, Pin-461122.

বিশদ তথ্যের জন্য আগ্রহীরা দেখুন এই ওয়েবসাইট: https://munitionsindia.in

# প্রশিক্ষণ নিয়ে সস তৈরির ব্যবসা

*প্রথম পাতার পর*

একসঙ্গে দিয়ে থাকে। প্রগতি ভারত সরকারের ন্যাশনাল স্মল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশনের অন্তর্ভুক্ত। ভর্তি হওয়ার জন্য বছরের যে-কোনও সময়ই আবেদন করা যায়।

**শিক্ষাগত যোগ্যতা:** উচ্চ মাধ্যমিক পাশ বা সমতুল।

**প্রশিক্ষণের খুঁটিনাটি:** ১০ থেকে ১৫ দিনের প্রশিক্ষণ। সপ্তাহে দু' দিন ক্লাস, প্রতিদিন দু' ঘণ্টা করে।

**ফি:** ৯,৮০০ টাকা।

হাতে-কলমে কাজ শেখার পরে শিক্ষার্থী কী ভাবে ব্যবসা করবেন, কোথা থেকে উপকরণ ও মেশিন সংগ্রহ করবেন, কী ভাবে বিপণন করবেন, সেই সম্পর্কে যাবতীয় ধারণা তাঁকে দেওয়া হয়। কর্মশালায় যাবতীয় উপকরণ দেওয়া হয়। বাইরে থেকে শিক্ষার্থীকে কিছু আনতে হয় না। প্রশিক্ষণের পর সার্টিফিকেট দেওয়া হয়।

### ব্যবসা করবেন কীভাবে

আমাদের রাজ্যে সস, কাসুন্দি, আমের আচারের চাহিদা আছে। ছোট পরিসরে অল্প পুঁজি নিয়ে প্রথমে ব্যবসা শুরু করা যায়। ভালো মান বজায় রাখতে পারলে ব্যবসা বাড়বে। তবে ব্যবসা শুরু করার আগে ভালো করে স্থানীয় মার্কেট সার্ভে করে নিন। তাহলে চাহিদাটা বুঝতে সুবিধা হবে।

সস-কাসুন্দি বিক্রির জন্য প্রাথমিক ভাবে স্থানীয় চাউমিন বিক্রেতা, ছোট রেস্তোরাঁ এবং মুদির দোকানে কথা বলুন। এর সঙ্গে যুক্ত করতে পারেন প্রতিবেশীদেরও। পাশাপাশি সোশ্যাল মিডিয়ায় ছবি পোস্ট করে আপনার তৈরি সস-কাসুন্দি ও আচারের প্রচার করতে পারেন। মনে রাখবেন, এই ব্যবসার জন্য আপনার কোম্পানির ট্রেডমার্ক রেজিস্ট্রেশন করানোর দরকার হবে। সরকারি সংস্থা, এফএসএসএআই থেকে প্রয়োজনীয় লাইসেন্স নিতে হবে।

## আইডিবিআই ব্যাঙ্কে

# ২০০ অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার

*প্রথম পাতার পর*

সার্টিফিকেট থাকলে অগ্রাধিকার। কম্পিউটার-জ্ঞান থাকা বাধ্যতামূলক।

**বয়স:** ১-৩-২০২৬ তারিখে ২১ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ওবিসিরা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**বেতনক্রম:** ৪৮,৪৮০-৮৫,৯২০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে অনলাইন পরীক্ষা, নথিপত্র যাচাই, পার্সোন্যাল ইন্টারভিউ এবং মেডিক্যাল টেস্টের মাধ্যমে। পরীক্ষার সম্ভাব্য তারিখ ১২ এপ্রিল। পরীক্ষায় প্রশ্ন হবে এই সব বিষয়ে: লজিক্যাল রিজনিং, ডেটা অ্যানালিসিস অ্যান্ড ইন্টারপ্রিটেশন (৬০ নম্বর), ইংরেজি (৪০ নম্বর), কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড (৪০ নম্বর) এবং জেনারেল/ ইকনমি/ ব্যাঙ্কিং অ্যাওয়্যারনেস/কম্পিউটার/ ইনফর্মেশন টেকনোলজি (৬০ নম্বর)। সময় ২ ঘণ্টা। নেগেটিভ মার্কিং নেই।

পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্রগুলি হল: কলকাতা, হুগলি, কল্যাণী, আসানসোল, দুর্গাপুর এবং শিলিগুড়ি।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.idbi.bank.in প্রার্থীর চালু ই-মেল আইডি থাকতে হবে। ১৯ মার্চ পর্যন্ত অনলাইন দরখাস্ত করা যাবে। অনলাইন দরখাস্তের সময় পাওয়া রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড নিজের কাছে লিখে রাখবেন।

অনলাইন দরখাস্তের নির্দিষ্ট জায়গায় প্রার্থীর জেপিজি বা জেপেগ ফর্ম্যাটে স্ক্যান করা রঙিন পাসপোর্ট মাপের ফটো (হালকা রং বা সাদা ব্যাকগ্রাউন্ডে তোলা, ২০০×২৩০ পিক্সেল ডাইমেনশনে, ২০ থেকে ৫০ কেবি সাইজের মধ্যে), কালো কালিতে করা সই (১৪০×৬০ পিক্সেল ডাইমেনশনে, ১০ থেকে ২০ কেবি সাইজের মধ্যে), বাঁ-হাতের বুড়ো আঙুলের ছাপ (২৪০×২৪০ পিক্সেল ডাইমেনশনে, ২০ থেকে ৫০ কেবি সাইজের মধ্যে), ইংরেজিতে নির্দিষ্ট বয়ানে কালো কালিতে প্রার্থীর নিজের হাতে লেখা ডিক্লারেশন (৮০০×৪০০ পিক্সেল ডাইমেনশনে, ৫০ থেকে ১০০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে। ডিক্লারেশনের বয়ান পাবেন উপরোক্ত ওয়েবসাইটে।

ফি বাবদ দিতে হবে ১,০৫০ টাকা (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ২৫০ টাকা)। অনলাইনে ডেবিট কার্ড (মাস্টার/ ভিসা/ রুপে/ মায়েস্ট্রো), ক্রেডিট কার্ড, ইন্টারনেট ব্যাঙ্কিং, মোবাইল ওয়ালেট বা ইমিডিয়েট পেমেন্ট সার্ভিসের মাধ্যমে ফি জমা দিতে হবে। ফি জমা দেওয়ার পর প্রাপ্ত ই-রিসিটের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। অনলাইন দরখাস্তেরও এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নেবেন। এগুলি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে দরকার হবে।

খুঁটিনাটি তথ্য পাবেন এই ওয়েবসাইটে: www.idbi.bank.in

# রাজ্যের জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষা ২৪ মে

রাজ্যের বিভিন্ন কলেজ এবং বিশ্ববিদ্যালয়ে ইঞ্জিনিয়ারিং ও টেকনোলজি, ফার্মাসি ও আর্কিটেকচারের স্নাতক কোর্সে ভর্তির প্রবেশিকা পরীক্ষা পশ্চিমবঙ্গ জয়েন্ট এন্ট্রান্স এক্সামিনেশন-২০২৬ আয়োজিত হবে ২৪ মে (রবিবার)। পরীক্ষাটি পরিচালনা করবে ওয়েস্ট বেঙ্গল জয়েন্ট এন্ট্রান্স এক্সামিনেশনস বোর্ড।

বিষয় অনুসারে শিক্ষাগত যোগ্যতা: **ইঞ্জিনিয়ারিং:** ফিজিক্স, ম্যাথমেটিক্স এবং কেমিস্ট্রি বা বায়োলজি বা বায়োটেকনোলজি বা কম্পিউটার সায়েন্স বা ইলেক্ট্রনিক্স বা ইনফর্মেশন টেকনোলজি বা ইনফর্মেটিক্স প্র্যাকটিসেস বা এগ্রিকালচার বা ইঞ্জিনিয়ারিং গ্রাফিক্স বা বিজনেস স্টাডিজ বা অন্ত্রেপ্রেনারশিপ বা এগ্রিকালচার ইঞ্জিনিয়ারিং বা টেকনিক্যাল ভোকেশনাল বিষয়ের মধ্যে যে-কোনও একটি বিষয়-সহ উচ্চমাধ্যমিক পাশ। তিনটি বিষয়ে মোট অন্তত ৪৫ শতাংশ (তফসিলি, ও বি সি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪০ শতাংশ) নম্বর পেয়ে থাকতে হবে।

**ফার্মাসি:** ফিজিক্স, কেমিস্ট্রি এবং ম্যাথমেটিক্স বা বায়োলজির মধ্যে যে-কোনও একটি বিষয়-সহ উচ্চমাধ্যমিক পাশ। তিনটি বিষয়ে মোট অন্তত ৪৫ শতাংশ (তফসিলি, ও বি সি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪০ শতাংশ) নম্বর পেয়ে থাকতে হবে।

**মেরিন ইঞ্জিনিয়ারিং:** ফিজিক্স, কেমিস্ট্রি এবং ম্যাথমেটিক্স-সহ উচ্চমাধ্যমিক পাশ। তিনটি বিষয়ে মোট অন্তত ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। এর পাশাপাশি মাধ্যমিক বা উচ্চমাধ্যমিকে ইংরেজিতে ৫০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে।

**আর্কিটেকচার:** ফিজিক্স, কেমিস্ট্রি এবং ম্যাথমেটিক্স-সহ উচ্চমাধ্যমিক পাশ। উচ্চমাধ্যমিকে মোট অন্তত ৫০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। এর পাশাপাশি কাউন্সিল অব আর্কিটেকচার দ্বারা পরিচালিত 'ন্যাশনাল অ্যাপ্টিটিউড টেস্ট ইন আর্কিটেকচার' পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

**বয়স:** ৩১-১২-২০২৫ তারিখে অন্তত ১৭ বছর হতে হবে। মেরিন ইঞ্জিনিয়ারিং কোর্সে ভর্তির ক্ষেত্রে বয়স হতে হবে ১৭ থেকে ২৫ বছরের মধ্যে।

জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষাটি নেওয়া হয় সাধারণত দু'টি পত্রে— পেপার ওয়ান ও পেপার টু। পেপার ওয়ানে প্রশ্ন হয় ম্যাথমেটিক্স (১০০ নম্বর) এবং পেপার টুয়ে প্রশ্ন হয় ফিজিক্স (৫০ নম্বর) ও কেমিস্ট্রি (৫০ নম্বর) বিষয়ে। পেপার ওয়ানের পরীক্ষা হবে সকাল ১১টা থেকে দুপুর ১টা পর্যন্ত এবং পেপার টুয়ের পরীক্ষা হবে দুপুর ২টো থেকে বিকেল ৪টে পর্যন্ত। মাল্টিপল চয়েস ধরনের প্রশ্ন হয়। নেগেটিভ মার্কিং আছে। পরীক্ষার বিস্তারিত সিলেবাস পাবেন এই ওয়েবসাইটে: https://wbjeeb.nic.in বিভিন্ন জেলায় একাধিক পরীক্ষাকেন্দ্র আছে। পরীক্ষার অ্যাডমিট কার্ড ১৫ মে থেকে ডাউনলোড করা যাবে উপরোক্ত ওয়েবসাইট থেকে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://wbjeeb.nic.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। আবেদন করা যাবে ৫ এপ্রিল পর্যন্ত। অনলাইন আবেদনের সময় প্রথমে রেজিস্ট্রেশন করতে হয়। মনে রাখবেন, অনলাইন আবেদনের সময় জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে প্রার্থীর স্ক্যান করা রঙিন ফটো এবং সই আপলোড করতে হয়। আবেদনপত্র পূরণ করবেন যথাযথভাবে।

ফি বাবদ দিতে হবে সাধারণ প্রার্থীদের ক্ষেত্রে ৫০০ টাকা (মহিলাদের ক্ষেত্রে ৪০০ টাকা, রূপান্তরকামীদের ক্ষেত্রে ৩০০ টাকা), তফসিলি, ও বি সি এবং দৈহিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে ৪০০ টাকা (মহিলা প্রার্থীদের ক্ষেত্রে ৩০০ টাকা এবং রূপান্তরকামীদের ক্ষেত্রে ২০০ টাকা)। ফি জমা দেওয়া যাবে অনলাইনে নেট ব্যাঙ্কিং বা ডেবিট বা ক্রেডিট কার্ড বা ইউপিআই বা কিউ আর কোডের মাধ্যমে। ফি জমা দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন।

অনলাইনে আবেদনপত্র সাবমিটের পর কনফার্মেশন পেজের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন। পরে কাজে লাগবে।

আবেদনের সময় কোনও ত্রুটি হয়ে থাকলে তা সংশোধন করা যাবে ৭ থেকে ৯ এপ্রিলের মধ্যে।

খুঁটিনাটি তথ্যের জন্য আগ্রহীরা দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# আইডিবিআই ব্যাঙ্কে জুনিয়র অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার

দেশ জুড়ে ১,১০০ জন জুনিয়র অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার গ্রেড 'ও' নেবে আইডিবিআই ব্যাঙ্ক। যে-রাজ্যের জন্য আবেদন করবেন, প্রার্থীকে অবশ্যই সেই রাজ্যের বাসিন্দা হতে হবে। তাই এখানে কলকাতা জোনের জন্য নির্ধারিত ৬০টি শূন্যপদের বিষয়ে বিশদে জানানো হল। প্রথমে ১ বছরের প্রবেশন। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: ৭/২০২৫-২৬।

**শূন্যপদের বিন্যাস:** সাধারণ ২৫, তফসিলি জাতি ৯, তফসিলি উপজাতি ৪, ওবিসি ১৬, আর্থিক ভাবে অনগ্রসর ৬। এর মধ্যে ২টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে।

**শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৬০ শতাংশ (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫৫ শতাংশ) নম্বর-সহ যে-কোনও শাখায় স্নাতক। সেই সঙ্গে প্রার্থীর কম্পিউটার জ্ঞান থাকতে হবে। প্রার্থীকে অবশ্যই বাংলা ভাষা জানতে হবে।

**বয়স:** ১-৩-২০২৬ তারিখে ২০ থেকে ২৫ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ওবিসি-রা ৩ ও দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে অনলাইন পরীক্ষা, নথিপত্র যাচাই ও পার্সোন্যাল ইন্টারভিউয়ের মাধ্যমে। পরীক্ষা ১২ এপ্রিল। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্রগুলি হল: কলকাতা, আসানসোল, দুর্গাপুর, হুগলি, কল্যাণী, শিলিগুড়ি। পরীক্ষায় অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে লজিক্যাল রিজনিং, ডেটা অ্যানালিসিস অ্যান্ড ইন্টারপ্রিটেশন (৬০ নম্বর), ইংলিশ ল্যাঙ্গুয়েজ (৪০ নম্বর), কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড (৪০ নম্বর), জেনারেল/ইকনমি/ব্যাঙ্কিং অ্যাওয়্যারনেস/কম্পিউটার/আইটি (৬০ নম্বর) বিষয়ে। সময় ২ ঘণ্টা। নেগেটিভ মার্কিং আছে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.idbi.bank.in প্রার্থীর চালু ই-মেল আইডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ১৯ মার্চ পর্যন্ত। অনলাইন দরখাস্তের সময় প্রার্থীর পাসপোর্ট মাপের রঙিন ফটো (২০০×২৩০ পিক্সেল ডাইমেনশনে ২০-৫০ কেবি সাইজের মধ্যে), সই (১৪০×৬০ পিক্সেল ডাইমেনশনে ১০-২০ কেবি সাইজের মধ্যে), বাঁ-হাতের বুড়ো আঙুলের ছাপ (২৪০×২৪০ পিক্সেল ডাইমেনশনে ২০-৫০ কেবি সাইজের মধ্যে) এবং হাতে লেখা ডিক্লারেশন (৮০০×৪০০ পিক্সেল ডাইমেনশনে ৫০-১০০ কেবি সাইজের মধ্যে) স্ক্যান করে আপলোড করতে হবে।

ফি বাবদ দিতে হবে ১,০৫০ টাকা (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ২৫০ টাকা)। ডেবিট কার্ড (রুপে/ভিসা/মাস্টার কার্ড/মায়েস্ট্রো) বা ক্রেডিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিং বা মোবাইল ওয়ালেট বা ইউপিআইয়ের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে। ফি জমার পরে সিস্টেম জেনারেটেড ই-রিসিটের একটি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি নিজের কাছে রেখে দেবেন। পরে দরকার হবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োলজিক্যালসে জুনিয়র সায়েন্টিস্ট, ল্যাবরেটরি টেকনিশিয়ান

জুনিয়র সায়েন্টিস্ট ও ল্যাবরেটরি টেকনিশিয়ান পদে ৩৭ জনকে নেবে ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োলজিক্যালস। এটি কেন্দ্রের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: A-2.0/2/2025-Admin-NIB.

**শূন্যপদের বিবরণ: জুনিয়র সায়েন্টিস্ট:** ১২টি (সাধারণ ৩, তফসিলি জাতি ২, ওবিসি ৫, আর্থিক ভাবে অনগ্রসর ২)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত থাকবে। **শিক্ষাগত যোগ্যতা:** মাইক্রোবায়োলজি বা বায়োটেকনোলজি বা বায়োইনফর্মেটিক্স বা বায়োকেমিস্ট্রি বা ব্যাক্টিরিয়োলজি বা ফার্মাকোলজি বা সেরোলজি বা মলিকিউলার বায়োলজি বা ফিজিয়োলজিতে স্নাতকোত্তর ডিগ্রি। সেই সঙ্গে সংশ্লিষ্ট ক্ষেত্রে ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। পাশাপাশি, সংশ্লিষ্ট বিষয়ে অন্তত একটি পাবলিকেশন বা কোনও স্বীকৃত জার্নালে প্রবন্ধ প্রকাশিত হয়ে থাকলে অগ্রাধিকার। **বয়স:** ৩০ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম:** ৪৪,৯০০-১,৪২,৪০০ টাকা।

**ল্যাবরেটরি টেকনিশিয়ান:** ২৫টি (সাধারণ ১০, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ওবিসি ৭, আর্থিক ভাবে অনগ্রসর ২)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত থাকবে। **শিক্ষাগত যোগ্যতা:** বায়োলজি বা মাইক্রোবায়োলজি বা বায়োটেকনোলজি বা বায়োকেমিস্ট্রি বা মলিকিউলার বায়োলজিতে বি এসসি। বায়োলজির ক্ষেত্রে জুলজি ও কেমিস্ট্রি অন্যতম বিষয় হিসেবে পড়ে থাকতে হবে। সেই সঙ্গে মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজিতে ডিপ্লোমা। অথবা মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজিতে স্নাতক ডিগ্রি-সহ মেডিক্যাল ল্যাবরেটরি বা গবেষণা সংস্থায় ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। **বয়স:** ৩০ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম:** ৩৫,৪০০-১,১২,৪০০ টাকা।

৮-৪-২০২৬ তারিখে প্রার্থীর নির্দিষ্ট বয়স হতে হবে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে কম্পিউটার-ভিত্তিক পরীক্ষার মাধ্যমে। পরীক্ষায় অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://nib.gov.in অনলাইন দরখাস্ত করা যাবে ৮ এপ্রিল পর্যন্ত। অনলাইন দরখাস্ত সাবমিটের পর পূরণ করা দরখাস্তের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি পাঠাতে হবে।

প্রয়োজনীয় যাবতীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল-সহ অনলাইন দরখাস্তের প্রিন্ট আউট ১৪ এপ্রিলের মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: The Director, National Institute of Biologicals (Ministry of Health & Family Welfare), A-32, Sector-62, Institutional Area Noida U.P. 201 309.

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# কিরোরি মল কলেজে

## ল্যাবরেটরি অ্যাটেন্ড্যান্ট, ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট, লাইব্রেরি অ্যাটেন্ড্যান্ট

ল্যাবরেটরি অ্যাটেন্ড্যান্ট, ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট ও লাইব্রেরি অ্যাটেন্ড্যান্ট পদে ৫১ জনকে নেবে কিরোরি মল কলেজ। এটি দিল্লি বিশ্ববিদ্যালয়ের অধীনস্থ একটি শিক্ষা-প্রতিষ্ঠান। ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট নিয়োগ করা হবে বটানি, কেমিস্ট্রি, ফিজিক্স ও জুলজি শাখায় এবং ল্যাবরেটরি অ্যাটেন্ড্যান্ট নিয়োগ করা হবে বটানি, কেমিস্ট্রি, কম্পিউটার সায়েন্স, জিওগ্রাফি, ফিজিক্স ও জুলজি শাখায়। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: KMC/Admn.2025-26/Non-teaching Posts/001.

**শূন্যপদের বিবরণ: লাইব্রেরি অ্যাটেন্ড্যান্ট:** ৭টি (সাধারণ ৪, ওবিসি ২, দৈহিক প্রতিবন্ধী ১)। **শিক্ষাগত যোগ্যতা:** উচ্চ মাধ্যমিক বা সমতুল। সেই সঙ্গে লাইব্রেরি সায়েন্সে সার্টিফিকেট কোর্স পাশ। কম্পিউটারে কাজ করতে জানতে হবে। **বেতনক্রম:** লেভেল-১ অনুসারে।

**ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট:** ১০টি (সাধারণ ৭, ওবিসি ৩)। **শিক্ষাগত যোগ্যতা:** স্নাতক। সেই সঙ্গে কোনও বড় ল্যাবরেটরিতে আধুনিক বৈজ্ঞানিক সরঞ্জাম সংরক্ষণ সহ সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। **বেতনক্রম:** লেভেল-৪ অনুসারে।

**ল্যাবরেটরি অ্যাটেন্ড্যান্ট:** ৩৪টি (সাধারণ ১৬, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ১, ওবিসি ৯, আর্থিক ভাবে অনগ্রসর ২, দৈহিক প্রতিবন্ধী ১)। **শিক্ষাগত যোগ্যতা:** বিজ্ঞান শাখায় উচ্চ মাধ্যমিক। অথবা মাধ্যমিক-সহ ল্যাবরেটরি টেকনোলজিতে স্কিল সার্টিফিকেট প্রোগ্রাম বা সংশ্লিষ্ট ট্রেডে আইটিআই কোর্স পাশ। **বেতনক্রম:** লেভেল-১ অনুসারে।

**বয়স:** ২৭-৩-২০২৬ তারিখে ৩২ বছরের মধ্যে হতে হবে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে দু' পর্যায়ের লিখিত পরীক্ষা ও স্কিল টেস্টের মাধ্যমে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: http://dunt.uod.ac.in অনলাইন দরখাস্ত করা যাবে ২৭ মার্চ পর্যন্ত।

দরখাস্তের ফি বাবদ দিতে হবে ১,০০০ টাকা (তফসিলিদের ক্ষেত্রে ৫০০ টাকা)। মহিলা ও দৈহিক প্রতিবন্ধীদের ফি দিতে হবে না।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.kmc.du.ac.in

# ভারতীয় সেনাবাহিনীতে অগ্নিবীর

*প্রথম পাতার পর*

পরীক্ষায় থাকবে— ১.৬ কিলোমিটার দৌড়, জিগজ্যাগ ব্যালান্স, বিম (পুল আপ) ও ৯ ফুট (মহিলাদের ক্ষেত্রে ৭ ফুট) লং জাম্প (ডিচ)।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.joinindianarmy.nic.in অনলাইন দরখাস্ত করা যাবে ১ এপ্রিল পর্যন্ত।

এই নিয়োগের বিশদ বিজ্ঞপ্তি এখনও প্রকাশিত হয়নি। আগ্রহীরা নজর রাখুন উপরোক্ত ওয়েবসাইটে।

# কেন্দ্রীয় সরকারে কয়েকশো ডাক্তার

কয়েকশো ডাক্তার নেবে কেন্দ্রীয় সরকার। প্রার্থী বাছাই করা হবে কম্বাইন্ড মেডিক্যাল সার্ভিস এক্সামিনেশন, ২০২৬-এর মাধ্যমে। পরীক্ষা ২ অগস্ট। প্রার্থী বাছাই করবে ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন।

শিক্ষাগত যোগ্যতা: অন্তত এমবিবিএস পাশ। বয়স: ৩২ বছরের মধ্যে হতে হবে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.upsconline.nic.in দরখাস্ত করা যাবে ১১ মার্চ থেকে ৩১ মার্চ পর্যন্ত।

এই নিয়োগের বিশদ বিজ্ঞপ্তি এখনও প্রকাশিত হয়নি। প্রকাশিত হলে তা কর্মক্ষেত্র-য় জানানো হবে।

আগ্রহী প্রার্থীরা চোখ রাখুন এই ওয়েবসাইটে: https://upsc.gov.in


বাঁকুড়ায় হসপিটাল সেক্টরে মার্কেটিংয়ের লোক প্রয়োজন

SALARY

Industry Standard

Call Now

93320 12910 / 8420249817

Jobsdrsarkar@gmail.com



Ramakrishna Mission Shilpamandira
Community Training Centre
313 G.T. Road, Belur Math, Howrah - 711 202

ভর্তি চলিতেছে

1 Year
❖ Industrial Fitter ❖ Mechanical Technician ❖ Industrial Electrician
❖ Motor Mechanic Technician ❖ Refrigeration Technician

- যোগ্যতা - মাধ্যমিক

6 Months
❖ Machinist ❖ Electrician
❖ Electric Vehicle Technician
❖ Smart Phone & TV Repairing
❖ Refrigeration & Air Conditioning

কোর্সের শেষে কাজের সুযোগ

6 Months
❖ Welding
❖ Fitter & Pipe-Fitter
❖ Automobile Mechanic
❖ Solar & PLC Technician

Training Partner: BLUE STAR, Mahindra Rise, IFB

Only Male Age Limit :- 30 Years 7685073804 Visit us : rkmsctc.org

Facilities: Excellent Workshop, Personality & Interview Preparation, Library, Canteen, NSDC Exam, Scholarship.

# কী পড়বেন, কোথায় পড়বেন

## ম্যাথমেটিক্সের এম এসসি কোর্স

ম্যাথমেটিক্সের এম এসসি কোর্সে ভর্তি নিচ্ছে রামকৃষ্ণ মিশন বিবেকানন্দ এডুকেশনাল অ্যান্ড রিসার্চ ইনস্টিটিউট। কোর্সের মেয়াদ ২ বছর।

শিক্ষাগত যোগ্যতা: ফিজিক্স বা স্ট্যাটিস্টিক্স বা ম্যাথমেটিক্সে বি এসসি অথবা বি ম্যাথ বা বি স্ট্যাট পাশ। বি ই বা বি টেক পাশ প্রার্থীরাও আবেদন করতে পারেন। সব ক্ষেত্রেই মোট অন্তত ৬০ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৫৫ শতাংশ) নম্বর পেয়ে থাকতে হবে।

প্রার্থী বাছাই করা হবে প্রবেশিকা পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা ৫ এপ্রিল।

অনলাইনে আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://rkmvu.ac.in আবেদনের শেষ তারিখ ২৮ মার্চ। আবেদনের সময় প্রার্থীর স্ক্যান করা ফটো, সই, মার্কশিট ও অন্যান্য প্রয়োজনীয় নথিপত্র আপলোড করতে হবে।

আবেদনের ফি বাবদ অনলাইনে দিতে হবে ৩০০ টাকা। ফি জমা দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন।

আবেদনপত্র যথাযথ ভাবে পূরণ করে সাবমিট করুন। সাবমিট করা আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। প্রিন্ট আউটগুলি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## অনলাইনে আধুনিক বাগান তৈরির প্রশিক্ষণ

**নিজস্ব প্রতিনিধি:** বাড়ি, অফিস, শিক্ষা-প্রতিষ্ঠান, পুলিশ স্টেশন, আবাসন, বাজার ইত্যাদি নানা জায়গার সৌন্দর্যায়ন ঘটানো হচ্ছে বাগান দিয়ে। জায়গা ও পরিবেশ অনুযায়ী বাগান তৈরির জন্য প্রয়োজন অভিজ্ঞ কর্মীর। মডার্ন গার্ডেনিংয়ের পরিকাঠামো তৈরি করে দেওয়া এবং সময়ে সময়ে তা পর্যবেক্ষণ ও তদারকি করার জন্য প্রশিক্ষিত কর্মীরা রয়েছেন, তাঁরা এই কাজের মাধ্যমেই উপার্জন করেন। বাগান করার প্রশিক্ষণ নেওয়া থাকলে ভাবতে পারেন নিজে নার্সারি করে আয়ের কথাও।

আগ্রহীরা বাড়িতে বসে অনলাইনে একদিনের কোর্সে প্রশিক্ষণ নিতে পারেন। প্রশিক্ষণ দেবে ইনস্টিটিউট অব হর্টিকালচার টেকনোলজি।

**কোর্সের নাম:** অনলাইন মডার্ন হোম গার্ডেনিং অ্যান্ড কেয়ার।

**সময়:** ২৩ মার্চ দুপুর ২টো ৩০ মিনিট থেকে বিকেল ৪টে ৩০ মিনিট।

**পঠন-পাঠনের ভাষা:** হিন্দি ও ইংরেজি।

**কী শেখানো হবে:** টবের মাটি তৈরি, জল নিষ্কাশন ব্যবস্থা, গাছে জল দেওয়ার পদ্ধতি, আলোর প্রয়োজনীয়তা, প্রাকৃতিক কীটনাশক, গাছের খাদ্য, প্রুনিং ইত্যাদি।

**কোর্স ফি:** ৯০০ টাকা।

**আবেদনের পদ্ধতি:** আবেদন করা যাবে অনলাইনে। বিশদ জানতে দেখুন এই ওয়েবসাইট: https://iht.edu.in/

## পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় অ্যাক্সিস ব্যাঙ্কে সেলস অফিসার

**নিজস্ব প্রতিনিধি:** পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় বিজনেস ডেভেলপমেন্ট অ্যাসোসিয়েট তথা সেলস অফিসার নেবে অ্যাক্সিস ব্যাঙ্ক। ব্যাঙ্কের বিভিন্ন আর্থিক পণ্য ও পরিষেবা বিপণনের চাকরি। অফিসার (সেলস) গ্রেড-ওয়ান ও গ্রেড-টু পদে নিয়োগ করা হবে। যে-কোনও শাখার গ্র্যাজুয়েটরা আবেদন করতে পারেন। গ্রেড-টু পদের ক্ষেত্রে বিপণনের কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। ১ বছরের কম অভিজ্ঞতা থাকলে গ্রেড-ওয়ান পদে আবেদন করা যাবে।

আগ্রহীরা অনলাইন আবেদন করবেন এই ওয়েবসাইটের মাধ্যমে: https://www.axis.bank.in/careers

## এয়ারপোর্ট অপারেশনস ও কাস্টমার সার্ভিস কর্মী নেবে ইন্ডিগো

**নিয়োগ কলকাতা বিমানবন্দরে। শিক্ষাগত যোগ্যতা গ্র্যাজুয়েট।**


**নিজস্ব প্রতিনিধি:** কলকাতা বিমানবন্দরে এয়ারপোর্ট অপারেশনস ও কাস্টমার সার্ভিস কর্মী নেবে বিমান পরিবহণ সংস্থা ইন্ডিগো। ফ্রেশার প্রার্থীরা আবেদন করতে পারেন। শিক্ষাগত যোগ্যতা গ্র্যাজুয়েট। নিয়োগ হবে টার্মিনাল সার্ভিস, র‍্যাম্প সার্ভিস ও সিকিউরিটি সার্ভিসে। এখনই আবেদন করা যাচ্ছে। পুরুষ-মহিলা উভয়ই আবেদনের যোগ্য।

প্রার্থীর ২০২১-এর পরে পাওয়া পাসপোর্ট থাকতে হবে। না থাকলে পাসপোর্টের জন্য আবেদনের পরে পাওয়া পুলিশ ভেরিফিকেশন সার্টিফিকেট থাকতে হবে। যাত্রী পরিষেবায় আন্তরিক ও তৎপর মানসিকতা থাকতে হবে। শরীরের দৃশ্যমান কোনও অংশে ট্যাটু থাকলে চলবে না।

প্রার্থী বাছাইয়ের জন্য নেওয়া হবে অ্যাসেসমেন্ট টেস্ট। থাকবে অঙ্কের ১০টি মাল্টিপল চয়েস প্রশ্ন। সঙ্গে থাকবে স্পিচ অ্যাসেসমেন্টের ২টি প্রশ্ন ও লিখিত উত্তরের জন্য ২টি প্রশ্ন। স্পিচ অ্যাসেসমেন্ট-সংক্রান্ত প্রশ্নের উত্তর দিতে হবে কথায় (অডিও রেসপন্স)। প্রতিটি উত্তর দিতে হবে ৪৫ সেকেন্ডের মধ্যে। অ্যাসেসমেন্টে সফল হলে থাকবে পার্সোন্যাল ইন্টারভিউ।

অনলাইন আবেদন করবেন এই ওয়েবসাইটের মাধ্যমে: https://www.goindigo.in/careers/hiringevents/airportoperationscustomerservicesevents.html ওয়েবসাইটের 'এয়ারপোর্ট অপারেশনস অ্যান্ড কাস্টমার সার্ভিস অনলাইন ড্রাইভ-কলকাতা'-সংলগ্ন লিঙ্কে আবেদনের জন্য রেজিস্ট্রেশন করবেন।

## উচ্চ মাধ্যমিকের পর বাঁকুড়া উন্নয়নী ইনস্টিটিউট অব ইঞ্জিনিয়ারিংয়ে একাধিক কোর্স



**নিজস্ব প্রতিনিধি:** উচ্চ মাধ্যমিকের পর প্রযুক্তি বিষয়ে পড়াশোনা করার সুযোগ আছে বাঁকুড়া উন্নয়নী ইনস্টিটিউট অব ইঞ্জিনিয়ারিং কলেজে। এই শিক্ষা-প্রতিষ্ঠানে সাতটি বিষয় নিয়ে পড়া যায় বি টেক ডিগ্রি। বিজ্ঞানের ছাত্রছাত্রীদের পাশাপাশি একাধিক কোর্স করার সুযোগ পাবেন আর্টস এবং কমার্স বিভাগে পাশ করা ছাত্রছাত্রীরা। পড়াশোনার পাশাপাশি নানান কর্মমুখী প্রকল্পে হাতে-কলমে কাজ করার সুযোগ রয়েছে। এছাড়াও প্রশিক্ষণ, উন্নত প্রযুক্তির ব্যবহারিক প্রয়োগ জানা এবং গবেষণার সুযোগ আছে এই প্রতিষ্ঠানে। ভিএলএসআই এবং কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিষয়ে এম টেক ডিগ্রি কোর্সও পড়ানো হয় এই প্রতিষ্ঠানে।

উল্লেখ্য, বাঁকুড়া উন্নয়নী ইনস্টিটিউট অব ইঞ্জিনিয়ারিং তাদের উদ্ভাবিত স্বয়ংক্রিয় ঢেঁকি-র পেটেন্ট পেয়েছে। উচ্চ মাধ্যমিক পরীক্ষা যাঁরা দিয়েছেন তাঁরা এই প্রতিষ্ঠানে পড়ার জন্য এখনই আসন সংরক্ষণ করতে পারেন। ফলাফল প্রকাশের পর ভর্তি হওয়া যাবে। আসন সীমিত।

**বি টেক ডিগ্রি কোর্স পড়া যায় এই সব বিষয়ে:**

- কম্পিউটার সায়েন্স
- ইনফর্মেশন টেকনোলজি (আইটি)
- ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন
- ইনস্ট্রুমেন্টেশন
- সিভিল
- মেকানিক্যাল
- ইলেক্ট্রিক্যাল
- আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স অ্যান্ড মেশিন লার্নিং

শিক্ষাগত যোগ্যতা: ম্যাথমেটিক্স, ফিজিক্স, কেমিস্ট্রি বা বায়োলজি নিয়ে মোট অন্তত ৪৫ শতাংশ নম্বর সহ উচ্চ মাধ্যমিক পাশ করে থাকলে বি টেক কোর্সে ভর্তির জন্য আবেদন করা যায়। জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষার র‍্যাঙ্কিং বাধ্যতামূলক নয়।

**আরও দু'টি ডিগ্রি কোর্স**

- ব্যাচেলর অব বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন (বিবিএ)
- ব্যাচেলর অব কম্পিউটার অ্যাপ্লিকেশন (বিসিএ)

যোগ্যতা: যে-কোনও শাখায় উচ্চ মাধ্যমিক বা সমতুল পাশ।

মেয়াদ: চার বছর।

খরচ: বিবিএ-র জন্য খরচ পড়বে ১ লক্ষ ৪০ হাজার টাকা এবং বিসিএ-র জন্য খরচ ১ লক্ষ ৭৬ হাজার টাকা।

### স্কলারশিপের ব্যবস্থা

মেধাবী ছাত্রছাত্রীরা রাজ্য সরকারের স্কলারশিপগুলির সুবিধা পাবেন। উচ্চ মাধ্যমিকে বিজ্ঞান শাখায় ৬০ শতাংশ নম্বর থাকলে এবং পরিবারের আয় বছরে আড়াই লক্ষ টাকার কম হলে রাজ্য সরকারের স্বামী বিবেকানন্দ স্কলারশিপ পাওয়া যেতে পারে। এই স্কলারশিপের আর্থিক মূল্য মাসে ৫,০০০ টাকা। এছাড়া সংখ্যালঘু এবং তফসিলি ছাত্রছাত্রীদের জন্যও বিশেষ স্কলারশিপ রয়েছে। আছে নানা বেসরকারি সংস্থার দেওয়া স্কলারশিপও।

### ছাত্রছাত্রীদের জন্য হোস্টেলের ব্যবস্থা

হোস্টেলে থাকা ও কলেজের বাসে করে কলেজে যাতায়াতের খরচ প্রতি মাসে ৮০০ টাকা। খাওয়ার খরচ আলাদা। স্বল্প মূল্যে নিরামিষ ও আমিষ খাবারের ব্যবস্থা আছে।

**বাঁকুড়া উন্নয়নী ইনস্টিটিউট অব ইঞ্জিনিয়ারিং কলেজ কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগ:** ৯৪৭৪৬-৪২০৮২/৯১৫৩০-৫৬৩৮৮। ওয়েবসাইট: www.buie.ac.in ই-মেল: buie.bankura@gmail.com

### অপেক্ষাকৃত কম খরচে পড়াশোনার সুযোগ করে দেয় এই প্রতিষ্ঠান

**শশাঙ্ক দত্ত,** *চেয়ারম্যান, বাঁকুড়া উন্নয়নী ইনস্টিটিউট অব ইঞ্জিনিয়ারিং*

বাঁকুড়া উন্নয়নী ইনস্টিটিউট অব ইঞ্জিনিয়ারিং (BUIE) দীর্ঘ ২৮ বছর ধরে জঙ্গলমহল অঞ্চলে প্রযুক্তি শিক্ষার প্রসার ঘটিয়ে চলেছে। এই শিক্ষা-প্রতিষ্ঠান বি টেক, এম টেক ডিগ্রি প্রদান করে আসছে যা এই অঞ্চলের অসংখ্য ছাত্র-ছাত্রীকে প্রযুক্তিগত দক্ষতা অর্জনের সুযোগ করে দিয়েছে। এর পাশাপাশি শুরু হয়েছে বিবিএ এবং বিসিএ। বাঁকুড়া উন্নয়নী ইনস্টিটিউট অব ইঞ্জিনিয়ারিং কোনও বাণিজ্যিক প্রতিষ্ঠান নয়, এখানে পড়ার খরচ এবং হোস্টেলে থাকার ব্যয় অন্যান্য প্রতিষ্ঠানের তুলনায় অনেক কম। ফলে অর্থনৈতিক ভাবে পিছিয়ে পড়া ছাত্র-ছাত্রীদের জন্য অত্যন্ত উপযোগী। এই কলেজে ছাত্র-ছাত্রীদের আলাদা করে টিউশনি নেওয়া বা একটিও বই কেনার প্রয়োজন পড়ে না। প্রয়োজন মতো সমস্ত বই লাইব্রেরি থেকে দেওয়া হয়। এ ছাড়া আছে স্কলারশিপের ব্যবস্থা, যা ছাত্র-ছাত্রীদের আর্থিক ভাবে সাহায্য করে। পাশ করার পরে ছাত্র-ছাত্রীদের প্লেসমেন্টের জন্যও কোনও টাকা দিতে হয় না। কলেজ কর্তৃপক্ষ বিভিন্ন কোম্পানিতে ছাত্র-ছাত্রীদের ইন্টারভিউয়ের জন্য উৎসাহ দেয়। আমাদের ছাত্র-ছাত্রীরা আইআইটি, এনআইটি, সরকারি ইঞ্জিনিয়ারিং কলেজে অধ্যাপনা সহ দেশ-বিদেশের বিভিন্ন প্রতিষ্ঠানে কর্মরত। এই কলেজ এত বছর ধরে পঠন-পাঠন ও নানা বিষয়ে গবেষণার মান বজায় রেখেছে।

এই কলেজ পরিচালিত হয় এই রাজ্যের বিশিষ্ট শিক্ষাবিদদের নিয়ে গঠিত একটি ট্রাস্টের অধীনে। ওড়িশা, বিহার ঝাড়খণ্ড থেকেও ছাত্র-ছাত্রীরা এসে এই প্রতিষ্ঠানে ভর্তি হন।


## অনলাইন এবং দূরশিক্ষা মাধ্যমে ১১টি বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি

**নিজস্ব প্রতিনিধি:** রবীন্দ্রভারতী মুক্ত বিশ্ববিদ্যালয়ে অনলাইন এবং দূরশিক্ষা মাধ্যমে স্নাতকোত্তর স্তরে ভর্তির আবেদনের প্রক্রিয়া শুরু হয়েছে। বাংলা, ইংরেজি, সংস্কৃত, এডুকেশন, ইতিহাস, রাষ্ট্রবিজ্ঞান, ভূগোল, পরিবেশবিদ্যা, সমাজসেবা, কণ্ঠসঙ্গীত, রবীন্দ্রসঙ্গীত— মোট ১১টি বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি কোর্স পড়ার সুযোগ পাবেন পড়ুয়ারা। প্রতিটি বিষয় অনলাইন এবং দূরশিক্ষা মাধ্যমে পড়ানো হবে। আসনসংখ্যা সীমিত। 'আগে এলে আগে সুযোগ' ভিত্তিতে ভর্তি নেওয়া হবে।

২০২৫-২৬ বর্ষে ভর্তি হওয়ার জন্য বিশ্ববিদ্যালয়ের কার্যালয়ে যোগাযোগ করতে হবে ২০ মার্চের মধ্যে। বিশদ তথ্য জানতে দেখুন রবীন্দ্রভারতী মুক্ত বিশ্ববিদ্যালয়ের এই ওয়েবসাইট: https://www.rbucdoe.ac.in/

# কী শিখবেন, কোথায় শিখবেন

## রামকৃষ্ণ মিশনে কৃষিকাজের বিভিন্ন শাখায় ১০ মাসের প্রশিক্ষণ



**নিজস্ব প্রতিনিধি:** কৃষিক্ষেত্রের আওতাধীন একগুচ্ছ স্বনিযুক্তি-সহায়ক কাজের প্রশিক্ষণ দেবে রামকৃষ্ণ মিশন সমাজ সেবক শিক্ষণ মন্দির। ১০ মাসের আবাসিক প্রশিক্ষণ। প্রতিষ্ঠানের হস্টেলে থেকে প্রশিক্ষণ নিতে হবে। শুধু ছেলেরা এই প্রশিক্ষণ নিতে পারবেন। শিক্ষাগত যোগ্যতা অন্তত মাধ্যমিক। বয়স হতে হবে ১৮ থেকে ৩৫ বছরের মধ্যে। থাকা-খাওয়া সহ ১০ মাসের

### থাকা-খাওয়া ও প্রশিক্ষণ বাবদ মোট ফি ৭০০ টাকা

প্রশিক্ষণের জন্য খরচ, রেজিস্ট্রেশন ফি বাবদ ৫০০ টাকা এবং ফেরতযোগ্য কশান ফি বাবদ ২০০ টাকা। প্রশিক্ষণ শেষে এই ২০০ টাকা ফেরত পাওয়া যাবে।

**প্রশিক্ষণ হবে এই সব ক্ষেত্রে:** আধুনিক পদ্ধতিতে শাক-সবজি ও ফুলের চাষ, মাশরুম উৎপাদন, কৃষি-যন্ত্রপাতির ব্যবহার, মাটি পরীক্ষা, বীজ উৎপাদন, জৈব সার তৈরি, হাঁস-মুরগি-ছাগল পালন, প্রাণী-চিকিৎসা, মাছের চাষ, মৌমাছি পালন, রঙিন মাছের চাষ, বিদেশি পাখি পালন, কৃষিজ বিভিন্ন উপাদান থেকে খাদ্য তৈরি। সঙ্গে থাকবে কম্পিউটার ব্যবহারের প্রশিক্ষণ। এই সম্মিলিত প্রশিক্ষণে সামাজিক মূল্যবোধ প্রাধান্য পায়।

কৃষিকাজের মাধ্যমে স্বনির্ভরতায় আগ্রহী ও পরিশ্রমী গ্রামাঞ্চলের ছেলেরা ভর্তির ক্ষেত্রে অগ্রাধিকার পাবেন। আবেদনের ভিত্তিতে নির্বাচিত প্রার্থীদের সিলেকশন ক্যাম্পে ডাকা হবে ৪ ও ৫ মে। প্রশিক্ষণ শুরু হবে ১৫ মে থেকে।

আবেদনের জন্য অনলাইন ফর্ম পাবেন এই ওয়েবসাইটে: https://www.rkmsssm.org/redp/ প্রশিক্ষণ-সংক্রান্ত প্রয়োজনীয় তথ্যও পাবেন এই ওয়েবসাইটেই। আবেদনের শেষ দিন ৩০ এপ্রিল।

ঠিকানা: রামকৃষ্ণ মিশন সমাজ সেবক শিক্ষণ মন্দির, পোঃ বেলুড় মঠ, হাওড়া-৭১১ ২০২। যোগাযোগের নম্বর: (০৩৩) ২৬৫৪-৮৯০৯, (০৩৩) ২৬৫৪-৮৯০৮।

## রামকৃষ্ণ মিশনে চাকরি ও স্বনিযুক্তির প্রশিক্ষণ

**নিজস্ব প্রতিনিধি:** চাকরি ও স্বনিযুক্তি-সহায়ক বিভিন্ন ট্রেডের প্রশিক্ষণ কোর্সে ভর্তি নিচ্ছে মা সারদা স্বনির্ভর কেন্দ্র। রামকৃষ্ণ মঠের এই প্রতিষ্ঠানটি ন্যাশনাল স্কিল ডেভেলপমেন্ট কর্পোরেশন কর্তৃক অনুমোদিত প্রশিক্ষণ কেন্দ্র। এখনই ভর্তির জন্য আবেদন করা যাচ্ছে।

প্রশিক্ষণ দেওয়া হবে এই সব ট্রেডে: কাস্টমার কেয়ার এক্সিকিউটিভ, ফ্লেবোটমি, জেনারেল ডিউটি অ্যাসিস্ট্যান্ট, সার্ভিস টেকনিশিয়ান (এয়ার কন্ডিশনার), সিউয়িং মেশিন অপারেটর ও হ্যান্ড এমব্রয়ডারি। প্রতিটি ট্রেডে প্রশিক্ষণের মেয়াদ ৬ মাস।

**শিক্ষাগত যোগ্যতা:** কাস্টমার কেয়ার এক্সিকিউটিভের ক্ষেত্রে রেগুলার কোর্সে স্নাতক ডিগ্রি, জেনারেল ডিউটি অ্যাসিস্ট্যান্টের ক্ষেত্রে মাধ্যমিক পাশ, ফ্লেবোটমি কোর্সের ক্ষেত্রে যে-কোনও শাখায় উচ্চ মাধ্যমিক, হ্যান্ড এমব্রয়ডারির প্রশিক্ষণের ক্ষেত্রে ক্লাস এইট পাশ, সিউয়িং মেশিন অপারেটরের ক্ষেত্রে অন্তত ক্লাস ফাইভ পাশ।

ভর্তির জন্য এখনই যোগাযোগ করতে পারেন এই ঠিকানায়: ২০, প্রাণকৃষ্ণ মুখার্জি রোড, কাশীপুর (চিৎপুর ব্রিজের কাছে), কলকাতা-৭০০ ০০২। ফোন: ৯০৭৩৮-২৬৮৪৭। ই-মেল: rkmswanirvar@gmail.com

# কারেন্ট অ্যাফেয়ার্স

২৯ জানুয়ারি-৪ ফেব্রুয়ারি

**২৯ জানুয়ারি** চারদিনের চিন সফরে গিয়ে ব্রিটিশ প্রধানমন্ত্রী কিয়র স্টার্মার বৈঠক করলেন চিনা প্রেসিডেন্ট শি জিনপিংয়ের সঙ্গে। বৈঠকের পর স্টার্মার আশা প্রকাশ করেছেন এই সফর দুই দেশের অর্থনৈতিক সম্পর্ক আরও মজবুত করবে। বছরের পর বছর ধরে অবিশ্বাস এবং তিক্ততার পরে দু-দেশের সম্পর্ক উন্নতির ক্ষেত্রে এই সফর উল্লেখযোগ্য ভূমিকা নেবে বলে মনে করছে সংশ্লিষ্ট মহল। বেজিংয়ের 'গ্রেট হল অব পিপল'-এ আয়োজিত হয়েছিল এই বৈঠক।

## ভারত-মার্কিন বাণিজ্য চুক্তি চূড়ান্ত



২ ফেব্রুয়ারি: আমেরিকা ও ভারতের মধ্যে বণিজ্যচুক্তি চূড়ান্ত হল। এদিন রাতে সমাজমাধ্যমে ডোনাল্ড ট্রাম্প ঘোষণা করেন, ভারত-আমেরিকার মধ্যে বহুদিন ধরে ঝুলে থাকা দ্বি-পাক্ষিক বাণিজ্য চুক্তিতে দু-দেশ সম্মত হয়েছে। তিনি জানান, ভারতের চড়া শুল্কের জবাবে চাপানো তাঁর চড়া হারের ২৫ শতাংশ শুল্ক তিনি কমিয়ে ১৮ শতাংশে নামিয়ে এনেছেন। ট্রাম্পের এই বিবৃতির পরেই প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এক্স হ্যান্ডলে ট্রাম্পকে ধন্যবাদ জানান শুল্কের হার ২৫ থেকে কমিয়ে ১৮ শতাংশ করার জন্য। বিরোধীরা প্রশ্ন তুলেছেন, চুক্তিই যদি হল, তাহলে সেই চুক্তিপত্র কোথায়? কারা-ই বা তাতে সই করলেন? আর সব কিছু ওয়াশিংটন থেকে আমেরিকার প্রেসিডেন্টই বা ঘোষণা করছেন কেন? এছাড়া আমেরিকার চাপানো অতিরিক্ত ২৫ শতাংশ জরিমানার ক্ষেত্রেই বা কী সিদ্ধান্ত নেওয়া হয়েছে তা এদিন স্পষ্ট হয়নি।

**৩০ জানুয়ারি** রাজ্যের পুলিশ বাহিনীর সর্বোচ্চ স্তরে রদবদল করল রাজ্য সরকার। ১৯৯৩ ব্যাচের আইপিএস অফিসার পীযূষ পাণ্ডেকে রাজ্য পুলিশের ডিজি পদে নিয়োগ করল রাজ্য। **কলকাতার পুলিশ কমিশনার তথা নগরপালের পদেও বদল করল নবান্ন।** এখনকার পুলিশ কমিশনার মনোজ বর্মাকে বদলি করে সেই জায়গায় নতুন পুলিশ কমিশনার নিয়োগ করা হয়েছে সুপ্রতিম সরকারকে। অন্যদিকে, এদিনই ছিল রাজ্যপুলিশের ভারপ্রাপ্ত ডিজি রাজীব কুমারের মেয়াদের শেষ দিন। সেই জায়গায় আনা হল পীযূষকে।

**৩১ জানুয়ারি** আমেরিকার যৌন অপরাধী জেফ্রি এপস্টিন সংক্রান্ত মার্কিন আইন দফতরের ফাইলে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর উল্লেখ নিয়ে বিদেশ মন্ত্রক বিবৃতি দিল। সাউথ ব্লকের পক্ষ থেকে বলা হয়েছে, প্রধানমন্ত্রীর ইজরায়েল সফর ছাড়া তাঁর সম্পর্কে ওই ফাইলে থাকা সব কথোপকথনই এক অপরাধীর অবমাননাকর ও ভিত্তিহীন দাবি। প্রসঙ্গত, নিউ ইয়র্কের জেলে ২০১৯ সালের অগস্টে আত্মঘাতী এপস্টিনের **সঙ্গে একসময়ে বিশ্বের বহু রাষ্ট্রনেতা,** ধনকুবের ও প্রভাবশালী ব্যক্তির যোগের তথ্য পাওয়া গিয়েছে তার সম্পর্কে মার্কিন প্রশাসনের হাতে থাকা ফাইলে। বিরোধীদের চাপে দীর্ঘ টালবাহানার পরে ট্রাম্প প্রশাসন বেশ কিছু ফাইল প্রকাশে বাধ্য হয়। এপস্টিন ফাইলে খোদ ট্রাম্প ছাড়াও প্রাক্তন মার্কিন প্রেসিডেন্ট বিল ক্লিন্টন, ধনকুবের বিল গেটস-সহ বিভিন্ন প্রভাবশালী ব্যক্তির উল্লেখ রয়েছে।

## কেন্দ্রীয় বাজেট পেশ করলেন নির্মলা সীতারামন



১ ফেব্রুয়ারি: সংসদে কেন্দ্রীয় বাজেট পেশ করলেন কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারামন। ৫ রাজ্যে ভোটের মুখে জনমোহিনী ঘোষণার পথে না গিয়ে বাজেটে সংস্কারের দিকে জোর দেওয়ার দাবি করা হয়েছে। অর্থমন্ত্রী বাজেট পেশ করতে গিয়ে জানিয়েছেন বিশ্ব বাজারে অনিশ্চয়তার ফলে অর্থনীতি যাতে বেসামাল না হয়ে পড়ে তারই চেষ্টা করা হয়েছে। দেশবাসীর আয়করে কোনও বদল আনা হয়নি। টাকার দরের ক্রমাগত পতন রুখতে অর্থমন্ত্রী পরিকাঠামো ও কারখানার উৎপাদন খরচ বাড়িয়ে আর্থিক বৃদ্ধিতে গতি আনার চেষ্টা করেছেন। পশ্চিমবঙ্গের প্রাক্তন অর্থমন্ত্রী অমিত মিত্র কেন্দ্রের বাজেটকে অন্তঃসারশূন্য বলে মন্তব্য করেছেন। তাঁর বক্তব্য কেন্দ্রীয় সরকার যুক্তরাষ্ট্রীয় কাঠামো মানছে না। রাজ্য কেন্দ্রের থেকে ন্যায্য পাওনা পাচ্ছে না।



“ইরানের ইসলামি প্রজাতন্ত্রের সর্বোচ্চ নেতা খামেনেই এবং তাঁর পরিবারের সদস্যদের হত্যাকাণ্ডের ঘটনায় আমি গভীর সমবেদনা জানাই। এই নৃশংস কাজটি মানবিক নৈতিকতা ও আন্তর্জাতিক আইনের সকল মানদণ্ডের প্রতি চরম অবজ্ঞা প্রদর্শন করে সংঘটিত হয়েছে।”

ভ্লাদিমির পুতিন, *রুশ প্রেসিডেন্ট*

আমেরিকা ও ইজরায়েলের যৌথ হানাদারিতে ইরানের সর্বোচ্চ ধর্মীয় নেতার মৃত্যুতে প্রতিক্রিয়া জানাতে গিয়ে

## মহারাষ্ট্রের উপমুখ্যমন্ত্রী পদে শপথ নিলেন সুনেত্রা পাওয়ার



৩১ জানুয়ারি: মহারাষ্ট্রের প্রথম মহিলা উপমুখ্যমন্ত্রী পদে শপথ নিলেন বিমান দুর্ঘটনায় প্রয়াত অজিত পাওয়ারের স্ত্রী সুনেত্রা পাওয়ার। সেরাজ্যে বিজেপির জোট সরকারের উপমুখ্যমন্ত্রী হিসেবে তিনি শপথ নিলেন। অজিত প্রয়াত হওয়ার আগে এনসিপি-র অজিত গোষ্ঠী এবং শরদ গোষ্ঠীর মধ্যে মিটমাট হয়ে যাওয়ার সম্ভাবনা তৈরি হয়েছিল। এখন অবশ্য সে সম্ভাবনা অনির্দিষ্টকালের জন্য পিছিয়ে গেল বলে মনে করা হচ্ছে।

**পশ্চিমবঙ্গের নতুন বনসচিব হিসেবে** দায়িত্ব নিলেন মণীশ জৈন। পাশাপাশি রাজ্যের প্রধান মুখ্য বনপাল তথা বনরক্ষী বাহিনীর প্রধান হিসেবে দায়িত্ব নিয়েছেন সন্দীপ মুন্দ্রিয়াল। ইন্ডিয়ান ফরেস্ট সার্ভিসের অফিসার সন্দীপ এর আগে রাজ্যের প্রধান মুখ্য বনপাল (বন্যপ্রাণ) ছিলেন। দেবল রায় বনরক্ষী বাহিনীর প্রধানের পদ থেকে অবসর নেওয়ায় তাঁর স্থলাভিষিক্ত হয়েছেন সন্দীপ।

**গুজরাটের কচ্ছ ও উত্তরপ্রদেশের** এটা এলাকার জলাভূমি 'রামসার ক্ষেত্র' হিসেবে স্বীকৃতি পেল। এ নিয়ে ভারতে এ ধরনের মোট জলাভূমির সংখ্যা দাঁড়াল ৯৮। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এক্স বার্তায় উত্তরপ্রদেশের এটার পটনা পক্ষী অভয়ারণ্য ও গুজরাটের কচ্ছের ছারি-ধান্দ 'রামসার ক্ষেত্র' হওয়াকে সুখবর বলে বর্ণনা করেছেন।

**১ ফেব্রুয়ারি** প্রায় দু-বছর পরে আংশিকভাবে খুলল গাজার রাফা সীমান্ত। ২০২৪-এর মে মাসে ইজরায়েল এই সীমান্ত দখল করে নেওয়ার পর থেকে বন্ধ ছিল মিশর-সংলগ্ন এই সীমান্তটি। আপাতত মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের শান্তি প্রস্তাব অনুযায়ী এই সীমান্তের দায়িত্বে থাকছেন ইউরোপীয় ইউনিয়ন ও মিশরের আধিকারিকরা। ইজরায়েলের পক্ষ থেকে জানানো হয়েছে আপাতত প্যালেস্টাইনের নাগরিকদের এই সীমান্ত দিয়ে যাতায়াত তাদের নিয়ন্ত্রণে থাকবে। তবে আন্তর্জাতিক বিভিন্ন সংগঠনের যে সব ট্রাক ত্রাণ ও চিকিৎসা সামগ্রী নিয়ে প্যালেস্টাইনে প্রবেশ করতে চায় তাদের ছাড়পত্র দেওয়া হবে।

## প্রয়াত আন্দ্রে বেতেই



৪ ফেব্রুয়ারি: প্রবাদপ্রতিম সমাজতত্ত্ববিদ আন্দ্রে বেতেই (৯১) নয়াদিল্লিতে প্রয়াত হলেন। স্বাধীনতাপূর্ব ফরাসি চন্দননগরে জন্ম বেতেইয়ের। তাঁর বাবা ফরাসি এবং মা ছিলেন বাঙালি। দিল্লি বিশ্ববিদ্যালয়ে তাঁর কর্মজীবনের শুরু। পড়িয়েছেন দিল্লি স্কুল অব ইকনমিক্সেও। অশোক বিশ্ববিদ্যালয়ের প্রথম আচার্য ছিলেন। নর্থ-ইস্টার্ন হিল ইউনিভার্সিটিতেও আচার্যর কার্যভার সামলেছেন। অক্সফোর্ড, কেমব্রিজ, শিকাগো, রটারডাম বিশ্ববিদ্যালয়, লন্ডন স্কুল অব ইকনমিক্স, বার্লিনের ইনস্টিটিউট ফর অ্যাডভান্সড স্টাডিজ-এর মতো আন্তর্জাতিক প্রতিষ্ঠান থেকেও পড়াশোনার আমন্ত্রণ পেয়েছেন। ২০০৫ সালে প্রধানমন্ত্রীর জাতীয় জ্ঞান কমিশনের সদস্য হন। পেয়েছেন জাতীয় অধ্যাপকের সম্মানও। ২০০৫ সালে পদ্মভূষণ সম্মানে ভূষিত হয়েছেন তিনি।

**২ ফেব্রুয়ারি** বিরোধী দলনেতা রাহুল গান্ধী লোকসভায় দাঁড়িয়ে প্রাক্তন সেনাপ্রধান জেনারেল মনোজ নরবণের 'অপ্রকাশিত' লেখা পড়তে শুরু করায় তীব্র বাকবিতণ্ডা বাধল লোকসভায়। ২০২০-তে ডোকলাম সীমান্তে চিনা সেনার সঙ্গে ভারতীয় **সেনার সংঘর্ষ নিয়ে প্রাক্তন** সেনাপ্রধানের লেখা পড়া থামাতে আসরে নামেন বিজেপির কেন্দ্রীয় নেতৃত্ব। প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিংহ আপত্তি জানিয়ে বলেন, যে বই প্রকাশিত হয়নি, তা থেকে রাহুল পড়তে পারেন না। জবাবে রাহুল জানান, নরবণের অপ্রকাশিত বইয়ের একাংশ সম্প্রতি এক পত্রিকায় প্রকাশিত হয়েছে। তা থেকেই পড়েছেন তিনি। সরকার পক্ষ ও বিরোধীদের উপর্যুপরি তর্কাতর্কিতে সংসদের অধিবেশন গোটা দিনের জন্যই মুলতুবি হয়ে যায়।

## ৬৮তম গ্র্যামি সম্মান



২ ফেব্রুয়ারি: ৬৮তম গ্র্যামি সম্মান প্রদান করা হল লস অ্যাঞ্জেলেসে। সর্বাধিক পুরস্কার পেয়ে র‍্যাপার কেনড্রিক ল্যামার গতবারের মতোই এবারেও শীর্ষে রইলেন। রেকর্ড অব দ্য ইয়ার ('লুথার'), বেস্ট র‍্যাপ অ্যালবাম-সহ মোট পাঁচটি গ্র্যামি পেয়েছেন তিনি। অ্যালবাম অব দ্য ইয়ার জিতেছেন পুয়ের্তো রিকোর ব্যাড বানি। পুরস্কার মঞ্চেই মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের সেনাবাহিনীর সমালোচনা করে প্রতিবাদ জানান বানি। যা মুহূর্তে প্রচার মাধ্যমে আলোচ্য বিষয় হয়ে দাঁড়ায়। বিলি আইলিশ এবং ফিনেস ও'কনেলের 'ওয়াইল্ড ফ্লাওয়ার' এবার সং অব দ্য ইয়ারের সম্মান পেয়েছে। বেস্ট পপ ভোকাল অ্যালবাম 'মেহেম'-এর জন্য গ্র্যামি পেলেন লেডি গাগা। এছাড়া তাঁর 'অ্যাবরাকাড্যাবরা' এবারের সেরা ডান্স পপ রেকর্ডিং-এর পুরস্কার জিতেছে। এবারের গ্র্যামির বড় চমক দলাই লামার সম্মান প্রাপ্তি। ৯০ বছরের তিব্বতি ধর্মগুরু তাঁর 'মেডিটেশনস'-এর জন্য বেস্ট অডিয়ো বুক, ন্যারেশন, স্টোরিটেলিং অ্যান্ড রেকর্ডিং বিভাগে গ্র্যামি পেয়েছেন।


**৩ ফেব্রুয়ারি** এপস্টিন ফাইলে নরেন্দ্র মোদীর নাম এবং ঘুষ কেলেঙ্কারিতে মোদীর ঘনিষ্ঠ শিল্পপতি গৌতম আদানিকে সমন— এই দুইয়ের চাপেই প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আমেরিকার প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের শর্ত মেনে বাণিজ্য চুক্তি করতে রাজি হয়েছেন বলে অভিযোগ তুললেন রাহুল গান্ধী। তাঁর বক্তব্য, 'প্রধানমন্ত্রী ভয়ঙ্কর চাপে রয়েছেন। হাজার হাজার কোটি টাকা দিয়ে নরেন্দ্র মোদীর ভাবমূর্তির যে বেলুন ফোলানো হয়েছিল, তা ফেটে যেতে পারে। তাই তিনি আপস করে ফেলেছেন।' এদিনও সংসদে রাহুলকে বক্তব্য রাখতে বাধা দেওয়া হলে বিরোধীদের হট্টগোলে অধিবেশন মূলতুবি হয়ে যায়। পরে সংসদ চত্বরে রাহুল বলেন তিনি এসব কথা সংসদে বলতে চাইছিলেন বুঝেই তাঁকে বলতে বাধা দেওয়া হচ্ছে।

**মণিপুরের পরবর্তী মুখ্যমন্ত্রী হলেন** ৬২ বছর বয়সি তাইকোন্ডোর ব্ল্যাকবেল্ট হওয়া ওয়াই খেমচাঁদ সিংহ। মণিপুরের বিজেপি এবং এনডিএ-র বিধায়কদের সঙ্গে নয়াদিল্লিতে বিজেপির কেন্দ্রীয় নেতৃত্বের পৃথক পৃথক বৈঠকের পরে মণিপুরে রাজ্য এনডিএ-র নতুন নেতা হিসেবে বেছে নেওয়া হল প্রাক্তন মন্ত্রী ও স্পিকার, সিংজামেই কেন্দ্রের দু-বারের বিধায়ক খেমচাঁদকে। উপমুখ্যমন্ত্রী পদের জন্য বেছে নেওয়া হয়েছে কুকি বিধায়ক তথা প্রাক্তন মন্ত্রী নেমচা কিপজেনকে। বিজেপি নেতৃত্ব ৫ কুকি বিধায়ককেও সরকারে শামিল করার কথা জানিয়েছে।

**ভারতের কোনও নাগরিকের** ব্যক্তিগত পরিসরে নজর দেওয়া যাবে না বলে মেটাকে ভর্ৎসনা করল শীর্ষ আদালত। ওয়টস্যাপের নয়া সুরক্ষা বিধি নিয়ে মামলায় এইভাবেই ওয়টস্যাপ কর্তৃপক্ষ মেটাকে সতর্ক করেছে সুপ্রিম কোর্ট। দেশের প্রধান বিচারপতি সূর্যকান্তের নেতৃত্বাধীন বেঞ্চ জানিয়েছে, সংবিধান মোতাবেক কাজ করতে না পারলে ভারত ছেড়ে চলে যান। ২০২১ সালে ওয়টস্যাপের নয়া সুরক্ষাবিধি চালু হয়েছিল। নয়া বিধিতে গ্রাহকদের তথ্য ব্যবহারের অভিযোগ উঠেছিল। নয়া নীতি নিয়েও প্রশ্ন তুলেছে শীর্ষ আদালত। জানতে চাওয়া হয়েছে দেশের লক্ষ লক্ষ দরিদ্র নিরক্ষর মানুষ কি আদৌ এই নীতি বুঝবেন?

## অস্ট্রেলীয় ওপেন জিতলেন রেবাকিনা, আলকারাস





৩১ জানুয়ারি: অস্ট্রেলীয় ওপেনে মেয়েদের সিঙ্গলস ফাইনালে, আরিনা সাবালেঙ্কাকে হারিয়ে খেতাব জিতলেন কাজাখস্তানের এলিনা রেবাকিনা। সাবালেঙ্কাকে ৬-৪, ৪-৬, ৬-৪ সেটে হারিয়ে প্রথমবার অস্ট্রেলীয় ওপেন জিতলেন তিনি। ২০২২-এ উইম্বলডনের পর এটি তাঁর দ্বিতীয় গ্র্যান্ড স্লাম জয়। অন্যদিকে, ১ ফেব্রুয়ারি ছেলেদের সিঙ্গলস ফাইনালে কিংবদন্তি নোভাক জোকোভিচকে হারিয়ে খেতাব জিতলেন স্পেনের কার্লোস আলকারাস। জোকোভিচকে ২-৬, ৬-২, ৬-৩, ৭-৫ ফলে হারিয়ে চ্যাম্পিয়ন হন আলকারাস। ওপেন যুগের কনিষ্ঠতম খেলোয়াড় (২২ বছর ২৭৫ দিন) হিসেবে কেরিয়ার গ্র্যান্ড স্লাম জয়ের নজির গড়লেন স্পেনীয় তারকা।

# কী পড়বেন, কোথায় পড়বেন

## জার্নালিজমের সার্টিফিকেট কোর্স



জার্নালিজমের সার্টিফিকেট কোর্সে ভর্তি নিচ্ছে কল্যাণী বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগ। কোর্সের মেয়াদ ছয় মাস। কোর্স শুরু হবে এপ্রিলে।

আসনসংখ্যা: ৯৫টি। শিক্ষাগত যোগ্যতা: উচ্চমাধ্যমিক।

কোর্স ফি: ২,৫০০ টাকা।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: https://klyuniv.ac.in

পূরণ করা আবেদনপত্র ও প্রার্থীর সম্পূর্ণপঞ্জি ১৩ মার্চের মধ্যে ই-মেল করতে হবে এই ঠিকানায়: kujournalism21@gmail.com

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## সমাজসেবার ডিপ্লোমা কোর্স

**নিজস্ব প্রতিনিধি:** সমাজসেবামূলক এনজিও বা স্বেচ্ছাসেবী সংস্থায় কাজ করতে চাইলে এ সংক্রান্ত পড়াশোনা ও হাতে-কলমে কাজ করার অভিজ্ঞতা থাকা জরুরি। কোনও সামাজিক বিষয় নিয়ে জনসচেতনতা গড়ে তুলতে হলে কিংবা সমাজের পিছিয়ে পড়া বা অবহেলিত মানুষদের নিয়ে কাজ করতে হলে, জানতে হয় বিভিন্ন আইন, বুঝতে হয় মনস্তত্ত্ব। শুধু স্বেচ্ছাসেবী সংস্থায় চাকরি নয়, নিজের প্রচেষ্টায় এনজিও খুলতে গেলেও এসব জানা প্রয়োজন।

### প্রশিক্ষণ

যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসে, ন্যাশনাল কাউন্সিল অব এডুকেশনের (বেঙ্গল) প্রতিষ্ঠান, স্কুল অব সোশ্যাল ওয়ার্ক অ্যান্ড কমিউনিটি সার্ভিসেস, সোশ্যাল ওয়ার্ক ও কমিউনিটি সার্ভিসের ছ' মাসের ডিপ্লোমা কোর্স পড়ায়। বছরে দু'টি কোর্স হয়। আগামী এপ্রিল থেকে নতুন কোর্স শুরু হবে। ভর্তির জন্য আবেদনের প্রক্রিয়া শুরু হবে চলতি মাসের শেষ সপ্তাহে।

যোগ্যতা: মাধ্যমিক বা সমতুল পাশ। বাংলা লিখতে, পড়তে ও বলতে জানতে হবে। ইংরেজি পড়তে ও লিখতে জানতে হবে। বয়সের কোনও বাধানিষেধ নেই। **কী পড়ানো হয়:** স্বাস্থ্য ও পুষ্টি, জনসংযোগ, আইন, অর্থনীতি, সমাজতত্ত্ব, মনস্তত্ত্ব, অধিকার ও সুযোগ সম্পর্কিত আইন, কম্পিউটার ইত্যাদি। পড়ানোর মাধ্যম বাংলা, নোটস দেওয়া হয় ইংরেজিতেও। লাইব্রেরি ব্যবহার করার সুযোগ আছে। এ ছাড়া আছে ১৫ দিনের ফিল্ডওয়ার্ক। ছাত্র-ছাত্রীদের পাঠানো হয় বিভিন্ন স্বেচ্ছাসেবী সংস্থায়। এনজিও কীভাবে চালাতে হয়, কাদের জন্য ও কীভাবে এনজিও কাজ করে ইত্যাদি প্র্যাক্টিক্যাল প্রোজেক্টের বিষয়। প্রোজেক্টে ১০০ নম্বর থাকে। ফিল্ডওয়ার্ক ভালো করে করলে যে-এনজিওতে প্রোজেক্ট করতে পাঠানো হয়, অনেক ক্ষেত্রে ছাত্রছাত্রীদের সেখানেই চাকরি হয়ে যায়। **ক্লাসের সময়:** শনি ও রবি সপ্তাহে দু'দিন ক্লাস হয়। ক্লাসের সময় দুপুর আড়াইটে থেকে বিকেল সাড়ে পাঁচটা। **কোর্স ফি:** ২,৫০০ টাকা। **আবেদনের পদ্ধতি:** পরিষদের অফিস থেকে, সোম থেকে শনিবার, প্রতিদিন বেলা ১২টা থেকে বিকেল পাঁচটা পর্যন্ত ফর্ম দেওয়া হয়। ভর্তির ফর্ম ও প্রসপেক্টাসের দাম ৬০ টাকা। প্রার্থী বাছাইয়ের জন্য ইন্টারভিউয়ের তারিখ ফর্ম জমা দেওয়ার সময় জানিয়ে দেওয়া হয়।

**যোগাযোগের ঠিকানা:** ন্যাশনাল কাউন্সিল অব এডুকেশন, (বেঙ্গল), যাদবপুর ইউনিভার্সিটি ক্যাম্পাস (বেঙ্গল ল্যাম্প বাস স্ট্যান্ড), ১৮৮, রাজা সুবোধচন্দ্র মল্লিক রোড, যাদবপুর, কলকাতা-৭০০ ০৩২। ফোন- (০৩৩) ২৪১৪-৬২৮২/ ৯৮৩০০-৬০৪১৭।.

## রাজীব গান্ধি ন্যাশনাল অ্যাভিয়েশন ইউনিভার্সিটিতে এম বি এ



অ্যাভিয়েশন ম্যানেজমেন্ট, অ্যাভিয়েশন লজিস্টিক্স ম্যানেজমেন্ট ও অ্যাভিয়েশন ফিনান্সের এম বি এ কোর্সে ভর্তি নিচ্ছে রাজীব গান্ধি ন্যাশনাল অ্যাভিয়েশন ইউনিভার্সিটি। প্রতিটি কোর্সের মেয়াদ ২ বছর।

আসনসংখ্যা: অ্যাভিয়েশন ম্যানেজমেন্ট ৬০টি, অ্যাভিয়েশন লজিস্টিক্স ম্যানেজমেন্ট ৬০টি, অ্যাভিয়েশন ফিনান্স ৩০টি।

শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৫০ শতাংশ (তফসিলি ও প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪৫ শতাংশ) নম্বর-সহ স্নাতক, সঙ্গে ক্যাট বা জিম্যাট বা এক্সএটি বা সিম্যাট বা সিইউইটি-পিজি পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকতে হবে ও বৈধ স্কোর করে থাকতে হবে। ফাইনাল ইয়ারের প্রার্থীরাও শর্তসাপেক্ষে আবেদন করতে পারেন।

বয়স: ৩১-৭-২০২৬ তারিখে ২৫ বছরের মধ্যে হতে হবে।

প্রাথমিকভাবে শিক্ষাগত যোগ্যতা ও প্রতিযোগিতামূলক পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে বাছাই করা প্রার্থীদের নির্বাচিত করা হবে গ্রুপ ডিসকাশন ও পার্সোন্যাল ইন্টারভিউয়ের মাধ্যমে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://rgnau.ac.in আবেদনের শেষ তারিখ ৩১ মার্চ। আবেদনের সময় প্রার্থীর স্ক্যান করা ফটো, সই, শিক্ষাগত যোগ্যতার যাবতীয় নথিপত্র-সহ অন্যান্য প্রয়োজনীয় নথিপত্র আপলোড করতে হবে।

আবেদনের ফি বাবদ অনলাইনে দিতে হবে ১,০০০ টাকা (মহিলা, তফসিলি ও প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫০০ টাকা)। ফি জমা দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন।

আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে সাবমিট করুন। সাবমিট করা আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। প্রিন্ট আউটগুলি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## স্কলারশিপের খোঁজখবর

### জে এন টাটা এনডাওমেন্ট লোন স্কলারশিপ ২০২৬-২৭

বিদেশের কোনও বিশ্ববিদ্যালয়ে পোস্ট-গ্র্যাজুয়েশন, ডক্টরেট ও পোস্ট-ডক্টরেট করতে ইচ্ছুক মেধাবী ছাত্রছাত্রীদের লোন স্কলারশিপ দিচ্ছে জে এন টাটা ট্রাস্ট। আবেদনের যোগ্যতা: মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ স্নাতক বা স্নাতকোত্তর ডিগ্রি কোর্স পাশ। ৩০-৬-২০২৬ তারিখে বয়স ৪৫ বছরের মধ্যে হতে হবে। স্কলারশিপের পরিমাণ: সর্বাধিক ২০ লাখ টাকা। অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.b4s.in/karma/JNT10 আবেদন করা যাবে ১৫ মার্চ পর্যন্ত।

### নোকিয়া ফাউন্ডেশন স্কলারশিপ ২০২৬

ফিনল্যান্ডের কোনও বিশ্ববিদ্যালয়ে ইনফর্মেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজি বা সমতুল বিষয়ে পি এইচ ডি পাঠরতদের স্কলারশিপ দিচ্ছে নোকিয়া ফাউন্ডেশন। স্কলারশিপের পরিমাণ: সর্বাধিক ৭,৫০০ ইউরো। অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.b4s.in/karma/NKSP2 আবেদনের শেষ তারিখ ১৫ সেপ্টেম্বর।

### কিরণ প্রতিভা স্কলারশিপস ২০২৬

মেধাবী, দুঃস্থ ছাত্রছাত্রীদের স্কলারশিপ দিচ্ছে কিরণ ফাউন্ডেশন। স্কলারশিপ বাবদ টিউশন ফি ও অন্যান্য খরচ বহন করবে সংশ্লিষ্ট সংস্থা। মাসিক পারিবারিক আয় হতে হবে ২০,০০০ টাকার নীচে। আবেদনের যোগ্যতা: অষ্টম শ্রেণি পাশ। বয়স হতে হবে অন্তত ১৪ বছর। অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.b4s.in/karma/KRPS1 আবেদনের শেষ তারিখ ৩০ এপ্রিল।

### এন জি এস এফ ইন্টার্নশিপ প্রোগ্রাম ২০২৫-২৬

লাইফ সায়েন্স শাখায় স্নাতক বা স্নাতকোত্তর ডিগ্রি কোর্সে পাঠরত ছাত্রছাত্রীদের স্কলারশিপ দিচ্ছে নেক্সট জেন সায়েন্টিস্টস ফাউন্ডেশন। আবেদনের যোগ্যতা: ৩ বছরের স্নাতক কোর্সের ক্ষেত্রে দ্বিতীয় বর্ষ, ৪ বছরের স্নাতক কোর্সের ক্ষেত্রে দ্বিতীয় বা তৃতীয় বর্ষ, স্নাতকোত্তর ডিগ্রি কোর্সের ক্ষেত্রে প্রথম বর্ষ এবং ৫ বছরের ইন্টিগ্রেটেড কোর্সের ক্ষেত্রে দ্বিতীয় বা তৃতীয় বা চতুর্থ বর্ষে পাঠরতরা আবেদন করবেন। স্টাইপেন্ডের পরিমাণ: প্রতি মাসে ৬,০০০ টাকা। অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.b4s.in/karma/NGSF1 আবেদনের শেষ তারিখ ১৫ মার্চ।

*(তথ্য সহায়তা: buddy4study)*


**JMN MEDICAL COLLEGE AND HOSPITAL**
(Affiliated to WBUHS | Approved by NMC)
Chakdaha, Nadia, WEST BENGAL • Established 2023

**URGENT REQUIRED**

**Senior Accounts Officer / Manager**

**Qualification:**
MBA in Finance (Mandatory) B. Com / M. Com preferred.

**Experience:**
Minimum 3+ years of relevant experience in Accounts & Finance, Experience in Medical College / Hospital / Educational Institution preferred.

**Skills Required:**
- Proficiency in Tally/ERP & MS Excel.
- Strong analytical, organizational & leadership skills.
- High level of integrity & confidentiality.


**Qualified German Language Teacher**

**How to Apply:**
Apply within 10 days by emailing updated CV with supporting documents to: accounts@jmnmch.com



EIILM KOLKATA | TOWARDS LIFE INDIA | R.P. BANERJEE Empower | Enlighten | Lead | EIILM-Kolkata Centre for Leadership & Ethics

A DAY-LONG WORKSHOP ON
**GITA FOR WORK AND LIFE**
by Prof. (Dr.) Rama Prosad Banerjee




Author
Prof. (Dr.) Rama Prosad Banerjee
Leader of Vedic Wisdom
Chairman & Director, EIILM-Kolkata
Founder – Asian Integration Forum (AIF)

www.eiilm.co.in | www.rpbanerjee.org | www.ekcle.co.in



**DR. B. C. ROY ENGINEERING COLLEGE** (A GROUP OF INSTITUTIONS)
An Autonomous Institute
www.bcrec.ac.in

26 YEARS OF EXCELLENCE IN EDUCATION
Admission Open 2025-26

A TCS priority College

JOB OFFERS 10000+
PLACEMENT DRIVES 950+
HIGHEST PACKAGE 50 LPA

- MBA
- B.TECH
- MCA | MBA

**DR. B. C. ROY ENGINEERING COLLEGE, DURGAPUR**
Affiliated to MAKAUT | Approved by AICTE | Accredited by NAAC
Jemua Road, Fuljhore, Durgapur - 713206
Call: 8145300827 | 8370989772 | 9932245570



**D.A.V. INSTITUTIONS, WEST BENGAL ZONE**
Address: J.M. Sengupta Road, B-Zone, Durgapur - 713205 (West Bengal)
(Managed by DAV College Managing Committee, New Delhi - 110055)
Website: davwbzone.org | Phone No.: 0343-2563500 / 2564711

**DAV STAFF RECRUITMENT : Phase III (Demo & Interview)**
**(Teaching & Non-Teaching Staff for Academic Session 2026-2027)**

- Online Applications from DAV CBT 2026 qualified candidates are invited for the following post of Teachers & Non- Teaching / Ministerial Staff from 7th March to 15th March 2026.
- **DETAILS OF POSTS**

| | |
|---|---|
| PGT | English, Physics, Chemistry, Mathematics, Biology, History, Geography, Political Science, Commerce, Economics, Computer Science, Psychology, Sociology, Physical Education & Home Science. |
| TGT | English, Science, Mathematics, Social Science, Hindi, Sanskrit, Bengali, Physical Education, Computer Science, Painting, Music & Dance. |
| PRT | English, Science, Mathematics, Social Science, Hindi, Sanskrit, Bengali, Computer Science, Music, Dance, Painting & Physical Education. |
| Other Posts | Nursery / Pre-Primary Teacher (Female Candidates only), Librarian (Grade I & II) & Wellness Teacher. |
| Ministerial Posts | Assistant, UDC, LDC (Accounts), Front Office Assistant/Receptionist (Female Candidates only), Nurse (Female Candidates only), Lab. Assistant (Physics, Chemistry, Biology & Computer Science). |
| Non-CBT Posts | PGT (Painting), PGT (Bengali) & Special Educator. |
| Part Time Coaches / Activity Teachers | Table Tennis, Basketball, Taekwondo, Karate, Yoga, Football, Badminton, Roller Skating, Chess, Netball, Volley Ball, Handball, Athletics, Cricket, Hockey, Archery, Rope Skipping, Gymnastics, Wushu & Aerobics. Band Master, Guitar Player, Tabla Player, Western Music Teacher, Flute Player, Sitar Player, Violin Player, Mouth Organ Player, Drum & Electrical Guitar Player. |

***Important Instructions / Terms & Conditions:***

- Demo cum interview shall be organized in the 3rd week of March 2026 tentatively. Dates & Venue for Demo cum Interview will be shared via email/message/phone call. PEC 2026 qualified candidates may visit the website of Zone/Schools for further updates.
- Candidates must carry the duly filled in Bio-data Form which is available in the website alongwith ID proof & DAV CBT 2026 PEC to the interview venue. Candidates will be called in batches or groups for Demo & Interview.
- Eligibility for Phase-III (Demo & Interview) is restricted to candidates who have qualified DAV CBT 2026 in the concerned subject & post for CBT posts.
- For Non-CBT Posts shortlisted candidates shall be called for Demo & Interview.
- The maximum age limit for the post of PGT is 40 years as on 31st March 2026.
- The maximum age limit for all other posts including TGT, PRT, Nursery/Pre-Primary, Non-Teaching & Ministerial categories is 35 years as on 31st March 2026.
- Relaxation in age upto 5 years may be given to the candidates having experience of teaching / working in an affiliated CBSE/ICSE/Govt. School.
- There shall be no upper age limit for candidates presently serving (Regular / Contractual) in DAV Schools provided they hold a valid PEC 2026.
- The Management shall not be held responsible for non-receipt of communication due to incorrect contact details furnished by the candidates.
- Mere qualifying in DAV CBT 2026 & possession of PEC does not confer any right to appointment. Final selection shall be based strictly on performance in demo & interview and the decision of the Selection Committee shall be final & binding. No correspondence in this regard shall be entertained.
- The Management reserves the right to verify eligibility of candidates at any stage before or after the selection process. If found ineligible, the candidature shall be summarily rejected.
- No TA/DA shall be admissible to the candidate for attending the recruitment process.
- To apply and know more about the 3rd phase of Demo cum Interview, please visit davwbzone.org.

Sd/ Regional Officer
DAV Institutions, West Bengal Zone

# চাকরির পরীক্ষায় বর্তমান কোচিং

## ডব্লু বি সি এস প্রিলিমিনারি

### পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*আটের পাতার পর*

64. 'ভার্নাকুলার প্রেস অ্যাক্ট' (দেশীয় সংবাদপত্র আইন) কে প্রবর্তন করেন?
(a) লর্ড রিপন (b) লর্ড লিটন (c) লর্ড কার্জন (d) লর্ড ডাফরিন
65. দক্ষিণ ভারতে 'বেদ সমাজ' কে প্রতিষ্ঠা করেন?
(a) জ্যোতিবা ফুলে (b) শ্রীধরলু নাইডু (c) দয়ানন্দ সরস্বতী (d) বীরসালিঙ্গম পান্টুলু
66. ভারতীয় জাতীয় কংগ্রেসের প্রথম অধিবেশনে কে সভাপতিত্ব করেন?
(a) উমেশচন্দ্র বন্দ্যোপাধ্যায় (b) সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় (c) দাদাভাই নওরোজি (d) এ ও হিউম
67. 'হিন্দুস্থান সোশ্যালিস্ট রিপাবলিকান অ্যাসোসিয়েশন' কে প্রতিষ্ঠা করেন?
(a) ভগৎ সিং (b) চন্দ্রশেখর আজাদ (c) সূর্য সেন (d) রাসবিহারী বসু
68. নীল দর্পণ নাটকের ইংরেজি অনুবাদ কে করেছিলেন?
(a) দীনবন্ধু মিত্র (b) মাইকেল মধুসূদন দত্ত (c) রেভারেন্ড জেমস লং (d) উইলিয়াম কেরি
69. গান্ধীজি তাঁর প্রথম সত্যাগ্রহ আন্দোলন কোথায় শুরু করেন?
(a) খেদা (b) আহমেদাবাদ (c) চম্পারণ (d) ডান্ডি
70. 'তলোয়ার' নামক জাহাজটিতে নৌ-বিদ্রোহ কবে ঘটেছিল?
(a) 1946 (b) 1945 (c) 1942 (d) 1944
71. গুপ্ত বংশের কোন রাজা 'লিচ্ছবি দৌহিত্র' নামে পরিচিত ছিলেন?
(a) প্রথম চন্দ্রগুপ্ত (b) সমুদ্রগুপ্ত (c) দ্বিতীয় চন্দ্রগুপ্ত (d) স্কন্দগুপ্ত
72. 'ঘর্ঘরার যুদ্ধ' (1529) কাদের মধ্যে হয়েছিল?
(a) বাবর ও রানা সঙ্গ (b) বাবর ও আফগান বাহিনী (c) হুমায়ুন ও শের শাহ (d) আকবর ও হেমু
73. ভারতীয় বিপ্লববাদের জননী কাকে বলা হয়?
(a) প্রীতিলতা ওয়াদ্দেদার (b) মাদাম ভিকাজি রুস্তম কামা (c) মাতঙ্গিনী হাজরা (d) সরোজিনী নাইডু
74. 'ফরওয়ার্ড ব্লক' কে প্রতিষ্ঠা করেছিলেন?
(a) চিত্তরঞ্জন দাশ (b) সুভাষচন্দ্র বসু (c) জওহরলাল নেহরু (d) বল্লভভাই প্যাটেল
75. মাউন্টব্যাটেন পরিকল্পনা কত তারিখে ঘোষণা করা হয়েছিল?
(a) 3 জুন, 1947 (b) 15 অগস্ট, 1947 (c) 14 জুলাই, 1947 (d) 26 জানুয়ারি, 1947
76. 1857 সালের বিদ্রোহকে কে প্রথম 'ভারতের প্রথম স্বাধীনতা যুদ্ধ' বলে বর্ণনা করেছিলেন?
(a) স্যার সৈয়দ আহমদ খান (b) বিনায়ক দামোদর সাভারকর (c) জওহরলাল নেহরু (d) রমেশচন্দ্র মজুমদার
77. ভারতের জাতীয় কংগ্রেসের প্রথম মহিলা সভাপতি কে ছিলেন?
(a) সরোজিনী নাইডু (b) অ্যানি বেসান্ত (c) নেলী সেনগুপ্ত (d) কাদম্বিনী গাঙ্গুলি
78. 'কংগ্রেসের প্রথম ভারতীয় মহিলা সভাপতি' কে ছিলেন?
(a) অ্যানি বেসান্ত (b) সরোজিনী নাইডু (c) নেলী সেনগুপ্ত (d) বিজয়লক্ষ্মী পণ্ডিত
79. 'গান্ধীজি' কোন ঘটনার পর অসহযোগ আন্দোলন প্রত্যাহার করে নিয়েছিলেন?
(a) জালিয়ানওয়ালাবাগ হত্যাকাণ্ড (b) চৌরিচৌরার ঘটনা (c) রাওলাট আইন (d) 1919-এর ভারত শাসন আইন
80. 'স্বরাজ দল' কে প্রতিষ্ঠা করেছিলেন?
(a) মহাত্মা গান্ধী (b) জওহরলাল নেহরু (c) চিত্তরঞ্জন দাশ ও মতিলাল নেহরু (d) সুভাষচন্দ্র বসু
81. নিম্নলিখিত ব্যক্তিদের মধ্যে কে গুপ্ত যুগে ঔষধ বিষয় কাজ করার জন্য পরিচিত:
(a) শুশ্রুত (b) সৌমিল্লা (c) চরক (d) পাণিনি
82. 'ডান্ডি অভিযান' কবে শুরু হয়েছিল?
(a) 12 মার্চ, 1930 (b) 6 এপ্রিল, 1930 (c) 24 মার্চ, 1930 (d) 2 অক্টোবর, 1930
83. জালিয়ানওয়ালাবাগ হত্যাকাণ্ড কবে হয়েছিল?
(a) 10 এপ্রিল, 1919 (b) 13 এপ্রিল, 1919 (c) 15 এপ্রিল, 1919 (d) 13 এপ্রিল, 1918
84. ভারতের স্বাধীনতা আইন কবে ব্রিটিশ পার্লামেন্টে পাস হয়েছিল?
(a) 3 জুন, 1947 (b) 18 জুলাই, 1947 (c) 15 অগস্ট, 1947 (d) 14 অগস্ট, 1947
85. 'আজাদ হিন্দ ফৌজ'-এর প্রতিষ্ঠাতা কে ছিলেন?
(a) সুভাষচন্দ্র বসু (b) রাসবিহারী বসু (c) ক্যাপ্টেন মোহন সিং (d) ক্যাপ্টেন শাহনওয়াজ
86. 'মুসলিম লিগ' কবে প্রতিষ্ঠিত হয়েছিল?
(a) 1905 (b) 1906 (c) 1907 (d) 1909
87. বঙ্গভঙ্গ কবে রদ করা হয়?
(a) 1905 (b) 1911 (c) 1912 (d) 1906
88. 'ইন্ডিয়ান ইন্ডিপেন্ডেন্স লিগ' কে প্রতিষ্ঠা করেছিলেন?
(a) সুভাষচন্দ্র বসু (b) রাসবিহারী বসু (c) মহাত্মা গান্ধী (d) জওহরলাল নেহরু
89. কোন দিনটিকে 'সরাসরি পদক্ষেপ দিবস' হিসেবে ঘোষণা করা হয়েছিল?
(a) 16 অগস্ট, 1946 (b) 14 অগস্ট, 1947 (c) 26 জানুয়ারি, 1950 (d) 15 অগস্ট, 1947
90. 'ইনকিলাব জিন্দাবাদ' স্লোগানটি কে জনপ্রিয় করেছিলেন?
(a) সুভাষচন্দ্র বসু (b) ভগৎ সিং (c) মহাত্মা গান্ধী (d) বাল গঙ্গাধর তিলক
91. ভারতের প্রথম ভাইসরয় কে ছিলেন?
(a) লর্ড ডালহৌসি (b) লর্ড ক্যানিং (c) লর্ড মাউন্টব্যাটেন (d) লর্ড কার্জন
92. 'হিন্দু মেলা' কে প্রতিষ্ঠা করেন?
(a) নবগোপাল মিত্র (b) সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় (c) রবীন্দ্রনাথ ঠাকুর (d) রাজনারায়ণ বসু
93. 'অল ইন্ডিয়া ট্রেড ইউনিয়ন কংগ্রেস' -এর প্রথম সভাপতি কে ছিলেন?
(a) লালা লাজপত রায় (b) এম এন রায় (c) জওহরলাল নেহরু (d) বি কে দত্ত
94. 'খিলাফত আন্দোলন' কে নেতৃত্ব দিয়েছিলেন?
(a) মহাত্মা গান্ধী (b) আলি ভাতৃদ্বয় (মহম্মদ আলি ও শওকত আলি) (c) মুহাম্মদ আলি জিন্নাহ (d) আবুল কালাম আজাদ
95. ভারতের স্বাধীনতার সময় ব্রিটিশ প্রধানমন্ত্রী কে ছিলেন?
(a) উইনস্টন চার্চিল (b) ক্লিমেন্ট অ্যাটলি (c) রামসে ম্যাকডোনাল্ড (d) লয়েড জর্জ
96. 'লখনউ চুক্তি' কত সালে স্বাক্ষরিত হয়েছিল?
(a) 1915 (b) 1916 (c) 1917 (d) 1918
97. 'সাইমন কমিশন' কত সালে ভারতে আসে?
(a) 1927 (b) 1928 (c) 1929 (d) 1930
98. 'ভারত ছাড়ো আন্দোলন'-এর প্রস্তাবে গান্ধীজি কোন বিখ্যাত স্লোগান দিয়েছিলেন?
(a) জয় হিন্দ (b) 'করেঙ্গে ইয়া মরেঙ্গে' (c) বন্দে মাতরম (d) দিল্লি চলো
99. কে 'ইন্ডিয়ান ন্যাশনাল আর্মি'-র বিচারের বিরুদ্ধে লড়েছিলেন?
(a) ভুলাভাই দেশাই (b) তেজ বাহাদুর সাপ্রু (c) জওহরলাল নেহরু (d) সবক'টি
100. 'কেসরী' ও 'মারাঠি' পত্রিকা দু'টি কে সম্পাদনা করতেন?
(a) গোপাল কৃষ্ণ গোখলে (b) বাল গঙ্গাধর তিলক (c) লালা লাজপত রায় (d) এঁদের কেউই নন
101. সিনেমার পর্দায় কী ধরনের প্রতিফলন ঘটে?
(a) নিয়মিত (b) ব্যাপ্ত (c) উভয়ই (d) কোনওটিই নয়
102. একটি দর্পণের বক্রতা ব্যাসার্ধ 20 সেমি হলে, তার ফোকাস দৈর্ঘ্য কত হবে?
(a) 10 সেমি (b) 20 সেমি (c) 5 সেমি (d) 40 সেমি
103. সূর্যের শক্তির উৎস হল:
(a) নিউক্লিয় বিভাজন (b) নিউক্লিয় সংযোজন (c) রাসায়নিক বিক্রিয়া (d) দহন
104. কিসের সাহায্যে সমুদ্রের গভীরতা মাপা হয়?
(a) রাডার (b) সোনার (c) অল্টিমিটার (d) হাইড্রোমিটার
105. আলোর প্রতিসরণের সময় নীচের কোনটি অপরিবর্তিত থাকে?
(a) বেগ (b) তরঙ্গদৈর্ঘ্য (c) কম্পাঙ্ক (d) বিস্তার
106. শব্দের বেগ সবচেয়ে বেশি কোন মাধ্যমে?
(a) বায়ু (b) জল (c) লোহা (d) শূন্যস্থান
107. শুষ্ক বরফ আসলে কী?
(a) কঠিন $O_2$ (b) কঠিন $H_2O$ (c) কঠিন $CO_2$ (d) তরল $N_2$
108. নীচের কোনটি একটি নোবেল গ্যাস নয়?
(a) হিলিয়াম (b) নিয়ন (c) হাইড্রোজেন (d) আর্গন
109. সবচেয়ে হালকা ধাতু কোনটি?
(a) লিথিয়াম (b) সোডিয়াম (c) অ্যালুমিনিয়াম (d) পারদ
110. পেনসিলের শীষ তৈরিতে কী ব্যবহৃত হয়?
(a) কাঠকয়লা (b) গ্রাফাইট (c) সীসা (d) ফসফরাস
111. ফটোগ্রাফিক ফিল্মে কোন রাসায়নিক ব্যবহৃত হয়?
(a) সিলভার ব্রোমাইড (b) সোডিয়াম ক্লোরাইড (c) সিলভার অক্সাইড (d) ক্যালসিয়াম কার্বনেট
112. একটি আম্লিক দ্রবণের pH -এর মান কত হতে পারে?
(a) 7 (b) 2 (c) 9 (d) 14
113. কোষের শক্তিঘর কাকে বলা হয়?
(a) নিউক্লিয়াস (b) রাইবোজোম (c) মাইটোকন্ড্রিয়া (d) গলগি বডি
114. রক্তে গ্লুকোজের মাত্রা নিয়ন্ত্রণ করে কোন হরমোন?
(a) থাইরক্সিন (b) ইনসুলিন (c) অ্যাড্রিনালিন (d) ইস্ট্রোজেন
115. জাইলেম কলা উদ্ভিদের কোন কাজে সাহায্য করে?
(a) খাদ্য পরিবহনে (b) জল পরিবহনে (c) সালোকসংশ্লেষণে (d) শ্বাসকার্যে
116. ভিটামিন C-র রাসায়নিক নাম কী?
(a) রেটিনল (b) থিয়ামিন (c) অ্যাসকরবিক অ্যাসিড (d) ক্যালসিফেরল
117. সার্বজনীন দাতা (Universal Donor) কোন রক্ত গ্রুপকে বলা হয়?
(a) A (b) B (c) AB (d) O
118. বেরিবেরি রোগ হয় কোন ভিটামিনের অভাবে?
(a) ভিটামিন B1 (b) ভিটামিন A (c) ভিটামিন C (d) ভিটামিন K
119. মানুষের লালারসে কোন এনজাইম থাকে?
(a) পেপসিন (b) ট্রিপসিন (c) টায়ালিন (d) ইরেপসিন
120. পিত্তরস কোথায় উৎপন্ন হয়?
(a) পাকস্থলী (b) যকৃৎ (c) অগ্ন্যাশয় (d) ক্ষুদ্রান্ত্র
121. পৃথিবীর কেন্দ্রে কোনও বস্তুর ওজন কত হবে?
(a) দ্বিগুণ (b) অর্ধেক (c) শূন্য (d) অসীম
122. নীচের কোনটি একটি ভাইরাসঘটিত রোগ?
(a) কলেরা (b) যক্ষ্মা (c) ইনফ্লুয়েঞ্জা (d) টাইফয়েড
123. পিউরিফাইড সিলিকন কোন ক্ষেত্রে ব্যবহৃত হয়?
(a) সিমেন্ট তৈরি (b) অপটিক্যাল ফাইবার (c) সেমিকন্ডাক্টর (d) সাবান তৈরি
124. সবচেয়ে নমনীয় ধাতু কোনটি?
(a) রুপো (b) লোহা (c) অ্যালুমিনিয়াম (d) সোনা

*এরপর দশের পাতায়*

## রেলে নন-টেকনিক্যাল পপুলার ক্যাটেগরি


### সি বি টি-১ নিয়োগ পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*আটের পাতার পর*

84. যদি P, Q-এর স্বামী এবং R, S ও Q-এর মা হয়, তাহলে R, P-এর কে হন?
(a) শাশুড়ি (b) বোন (c) মা (d) মাসিমা
85. যদি KAVERI শব্দটিকে VAKIRE রূপে লেখা হয়, তাহলে MYSORE -কে কীরূপে লেখা হবে?
(a) SMROYE (b) SYMERO (c) SYEROM (d) SYMROE
86. একটি নির্দিষ্ট কোডে 'he is waiting there' কে লেখা হয় 'la pa ro ta', 'there is the train' কে লেখা হয় 'zo ro ji la', 'waiting at the station' -কে লেখা হয় 'ma ta fu ji' এবং 'is this a station'-কে লেখা হয় 'fu bi ri vi'। এই নির্দিষ্ট কোডে 'he'-কে কী লেখা হবে?
(a) ta (b) la (c) pa (d) ro
87. নীচে প্রদত্ত শব্দটির বর্ণগুলি দ্বারা কোন শব্দটি গঠন করা যাবে না?
ADMINISTRATION
(a) STATION (b) TRADS (c) MINUS (d) RATION
88. যদি CLOCK-কে লেখা হয় KCOLC, তাহলে RAMESHA-কে কী লেখা হবে?
(a) MAARHSE (b) HAESMAR (c) AHSEMAR (d) SEMARAH
89. '?' চিহ্নিত স্থানে কোন সংখ্যাটি বসবে?

| | | |
|---|---|---|
| 3 | 4 | 9 |
| 2 | 5 | 2 |
| 6 | 7 | ? |
| 36 | 140 | 18 |

(a) 12 (b) 7 (c) 1 (d) 19
90. একটি সারিতে 17 জন বালিকা আছে। মাঝের মেয়েটির অবস্থান শুরু থেকে 9ম। শেষ থেকে মাঝের মেয়েটির অবস্থান কত হবে?
(a) 10তম (b) 7ম (c) 8ষ্ঠ (d) 9ম
91. প্রশ্নে প্রদত্ত শব্দগুলিকে সঠিক ক্রম অনুসারে সাজান:
A. Members B. City C. Village D. Family E. Community
(a) A, B, C, D, E (b) E, D, A, C, B (c) A, D, E, C, B (d) D, A, E, C, B
92. যদি একটি নির্দিষ্ট কোডে RUSH-কে বলা হয় 66, তবে GIRL-কে কী লেখা হবে?
(a) 46 (b) 75 (c) 64 (d) 47
নির্দেশ (93 and 94): *নীচে প্রদত্ত বিবৃতিগুলিকে ভিত্তি করে কিছু সিদ্ধান্ত দেওয়া আছে যা বিবৃতি অনুযায়ী সত্য বলে ধরা যায়। সঠিক বিকল্প খুঁজে বের করুন।*
93. বিবৃতি: A. সব মেয়েরা গর্বিত।
B. এক দিন সব গর্বিতদের অপমানিত হতে হবে।
সিদ্ধান্ত: I. সব মেয়েদের একদিন অপমানিত হতে হবে।
II. কিছু মেয়েদের একদিন অপমানিত হতে হবে।
(a) II সত্য (b) I সত্য (c) I ও II উভয়ই সত্য (d) কোনওটিই সত্য নয়
94. বিবৃতি: A. সমস্ত ফুল হল পাতা।
B. কিছু পাতা হল ফল।
C. সমস্ত পাতা হল বীজ।
সিদ্ধান্ত: I. কিছু বীজ হল পাতা।
II. কিছু বীজ হল ফুল।
III. কিছু ফল হল ফুল।
IV. কোনও পাতা বীজ নয়।
(a) I ও IV সত্য (b) III ও IV সত্য (c) I ও II সত্য (d) কোনওটিই সত্য নয়
95. নীচের চিত্রে কতগুলি বৃত্ত আছে?



(a) 14 (b) 11 (c) 12 (d) 13
96. যদি 1 নভেম্বর সোমবার হয়, তবে 25 নভেম্বর কী বার হবে?
(a) শুক্রবার (b) মঙ্গলবার (c) বুধবার (d) বৃহস্পতিবার
97. এক ব্যক্তি 6 কিমি দক্ষিণ দিকে গেলেন, তারপর বাঁদিকে ঘুরে 4 কিমি গেলেন, পুনরায় বাঁদিকে ঘুরে 5 কিমি গেলেন, তবে এখন কোন দিকে মুখ করে আছেন?
(a) পশ্চিম (b) দক্ষিণ (c) উত্তর (d) পূর্ব
98. নীচের প্রশ্নে একটি স্বচ্ছ বর্গক্ষেত্রাকার কাগজের উপর একটি চিত্র দেওয়া আছে এবং সেই সঙ্গে a, b, c, d চিহ্নিত চারটি চিত্র আছে। বর্গক্ষেত্রটিকে dotted line বরাবর ভাঁজ করলে যে চিত্রটি উৎপন্ন হয়, সেটি বিকল্পগুলির মধ্য থেকে শনাক্ত করুন:





(a) (b) (c) (d)

*এরপর দশের পাতায়*

# কর্মক্ষেত্র তথ্যভাণ্ডার


যে-কোনও চাকরির পরীক্ষার প্রস্তুতিতে অপরিহার্য বিবিধ তথ্য।

## প্রাচীন ভারতের উল্লেখযোগ্য জ্যোতির্বিদদের অবদান সংক্রান্ত তথ্যাবলি

| জ্যোতির্বিজ্ঞানী | সময়কাল | অবদান |
|---|---|---|
| ব্রহ্মগুপ্ত<br> | ৬৬৫-৫৯৮ খ্রিস্টপূর্ব | • ভারতের উল্লেখযোগ্য জ্যোতির্বিজ্ঞানী ও গণিতজ্ঞ।<br>• 'ব্রহ্মস্ফুট সিদ্ধান্ত' গ্রন্থের রচয়িতা।<br>• চতুর্ভুজের ক্ষেত্রফল, ডায়োফ্যান্টাইন সমীকরণের সহজ সমাধান করেছিলেন।<br>• ভাগুন যন্ত্র, চক্র যন্ত্র, ধনু যন্ত্র, শলাকা যন্ত্র এবং যষ্ঠি যন্ত্র ব্যবহার করতেন। |
| আর্যভট্ট<br> | ৪৭৬-৫৫০ খ্রিস্টাব্দ | • প্রাচীন ভারতের বিখ্যাত গণিতবিদ।<br>• তাঁর নামে ভারতের প্রথম কৃত্রিম উপগ্রহের নাম 'আর্যভট্ট' রাখা হয়।<br>• 'সূর্যসিদ্ধান্ত' নামক গ্রন্থ রচনা করেছিলেন।<br>• দশমিক পদ্ধতির ব্যবহার করেছিলেন।<br>• আধুনিক ত্রিকোণমিতির সূত্রপাত তাঁর হাত ধরেই হয়েছিল।<br>• সূর্যগ্রহণ এবং চন্দ্রগ্রহণের হিন্দু পৌরাণিক ধারণার পরিবর্তে বৈজ্ঞানিক কারণ ব্যাখ্যা করেছিলেন।<br>• এক অভিনব উপায়ে $\pi$-এর মান নির্ণয় করেছিলেন। |
| বরাহমিহির<br> | ৫০৫-৫৮৭ খ্রিস্টাব্দ | • প্রাচীন ভারতের গুপ্ত সাম্রাজ্যের সমসাময়িক দার্শনিক, গণিতজ্ঞ ও কবি।<br>• 'পঞ্চসিদ্ধান্তিকা', 'বৃহৎ সংহিতা', 'বৃহৎ জাতক' প্রভৃতি গ্রন্থের রচয়িতা।<br>• আধুনিক 'ভারতীয় জ্যোতির্বিজ্ঞানের জনক' বলা হয়।<br>• তাঁর রচিত গ্রন্থে ষষ্ঠ শতকের ভারতবর্ষের একটি বিস্তারিত বর্ণনা পাওয়া যায়।<br>• রাজা বিক্রমাদিত্যের সভার নবরত্নের অন্যতম রত্ন ছিলেন।<br>• ভারতীয় পঞ্জিকার অন্যতম সংস্কারক ছিলেন। |
| শ্রীপতি<br> | ১০১৯-১০৬৬ খ্রিস্টাব্দ | • প্রাচীন ভারতের বিখ্যাত জ্যোতির্বিজ্ঞানী ও গণিতজ্ঞ।<br>• জ্যোতিষরত্নমালা', 'ধ্রুবমানস', 'সিদ্ধান্তশেখর', 'ধিকোতিদাকারানা' প্রভৃতি গ্রন্থের রচয়িতা।<br>• একাদশ শতকের সফল ভারতীয় গণিতবিদ মনে করা হয়।<br>• গ্রহের অক্ষাংশ ও দ্রাঘিমাংশগত অবস্থান নির্ণয় প্রণালী, গ্রহাদির সংক্রমণকাল সংক্রান্ত প্রশ্নের সমাধান করেছেন।<br>• শলাকা যন্ত্র ব্যবহার করতেন। |
| ভাস্করাচার্য<br> | ১১১৪-১১৮৫ খ্রিস্টাব্দ | • প্রখ্যাত ভারতীয় গণিতবিদ ও জ্যোতির্বিজ্ঞানী ছিলেন।<br>• ভারতের বিজাপুরে (বর্তমান কর্নাটক) জন্মগ্রহণ করেছিলেন।<br>• 'সিদ্ধান্ত শিরোমণি', 'লীলাবতী', 'কারণ-কুতুহল' প্রভৃতি গ্রন্থের রচয়িতা।<br>• দেবনাগরী বর্ণদ্বারা কোনও অজ্ঞাত রাশিকে চিহ্নিত করার কথা বলেছিলেন।<br>• সমকোণী ত্রিভুজ আর সুষম বহুভুজ নিয়ে $\pi$-এর মান বের করেছিলেন।<br>• কোনও যন্ত্র ছাড়াই ৩৮৪টি বাহুর এক বহুভুজের পরিকল্পনা করেছিলেন।<br>• গ্রহের তাৎক্ষণিক গতি পরিমাপ করেছিলেন।<br>• এক সেকেন্ড সময়কে তিনি ৩৪ হাজার ভাগে ভাগ করেছিলেন।<br>• চক্র যন্ত্র, চপ্পা যন্ত্র, যষ্ঠি যন্ত্র এবং গোলা যন্ত্র ব্যবহার করতেন। |
| গণেশ দয়ান্য | ১৫০৭ খ্রিস্টাব্দ | • বিশিষ্ট ভারতীয় জ্যোতির্বিদ।<br>• 'গ্রহলাঘব', 'সুধীরঞ্জিনি', 'তারযানিযন্ত্রম' গ্রন্থ রচনা করেছেন।<br>• জালানালিকা যন্ত্র ব্যবহার করতেন। |
| ফতেউল্লাহ সিরাজি | ১৫৮২ খ্রিস্টাব্দ | • পারস্য-ভারতীয় জ্যোতির্বিদ, গণিতজ্ঞ, দার্শনিক ও শিল্পী।<br>• মুঘল সম্রাট আকবরের রাজসভায় দীর্ঘদিন কাজ করেছিলেন।<br>• ভলিগান, গান ব্যারেলস, হ্যান্ড ক্যানন প্রভৃতি যন্ত্র আবিষ্কার করেছিলেন। |
| মাধব | ১৩৪০-১৪২৫ খ্রিস্টাব্দ | • ভারতের উল্লেখযোগ্য গণিতজ্ঞ ও জ্যোতির্বিজ্ঞানী ছিলেন।<br>• কেরলের সঙ্গমাগ্রামে জন্মগ্রহণ করেছিলেন।<br>• 'কেরল স্কুল অব অ্যাস্ট্রোনমি অ্যান্ড ম্যাথমেটিক্স'-এর প্রতিষ্ঠাতা। |

## ভারতের কয়েকজন বিখ্যাত ব্যক্তির স্মৃতিসৌধ

| নাম | স্মৃতিসৌধ | পরিচিতি | স্থান |
|---|---|---|---|
| মহাত্মা গান্ধী (১৮৬৯-১৯৪৮) | রাজঘাট | জাতির জনক | দিল্লি |
| রাজেন্দ্র প্রসাদ (১৮৮৪-১৯৬৩) | মহাপ্রয়াণঘাট | প্রাক্তন রাষ্ট্রপতি | পাটনা |
| জওহরলাল নেহরু (১৮৮৯-১৯৬৪) | শান্তিবন | প্রাক্তন প্রধানমন্ত্রী | দিল্লি |
| বি আর আম্বেদকর (১৮৯১-১৯৫৬) | চৈত্যভূমি | সংবিধান প্রণেতা | মহারাষ্ট্র |
| মোরারজি দেশাই (১৮৯৬-১৯৯৫) | অভয়ঘাট | প্রাক্তন প্রধানমন্ত্রী | আমেদাবাদ |
| গুলজারিলাল নন্দ (১৮৯৮-১৯৯৮) | নারায়ণ ঘাট | প্রাক্তন প্রধানমন্ত্রী | আমেদাবাদ |
| চৌধুরী চরণ সিং (১৯০২-১৯৮৭) | কিষাণ ঘাট | প্রাক্তন প্রধানমন্ত্রী | দিল্লি |
| লাল বাহাদুর শাস্ত্রী (১৯০৪-১৯৬৬) | বিজয় ঘাট | প্রাক্তন প্রধানমন্ত্রী | দিল্লি |
| জগজীবন রাম (১৯০৮-১৯৮৬) | সমতা স্থল | প্রাক্তন উপপ্রধানমন্ত্রী | দিল্লি |
| দেবী লাল (১৯১৪-২০০১) | সংঘর্ষ স্থল | প্রাক্তন উপপ্রধানমন্ত্রী | দিল্লি |
| জ্ঞানী জৈল সিং (১৯১৬-১৯৯৪) | একতা স্থল | প্রাক্তন রাষ্ট্রপতি | দিল্লি |
| ইন্দিরা গান্ধী (১৯১৭-১৯৮৪) | শক্তি স্থল | প্রাক্তন প্রধানমন্ত্রী | দিল্লি |
| শঙ্কর দয়াল শর্মা (১৯১৮-১৯৯৯) | কর্মভূমি | প্রাক্তন রাষ্ট্রপতি | দিল্লি |
| আই কে গুজরাল (১৯১৯-২০১২) | স্মৃতি স্থল | প্রাক্তন প্রধানমন্ত্রী | দিল্লি |
| কে আর নারায়ণন (১৯২০-২০০৫) | একতা স্থল | প্রাক্তন দশম রাষ্ট্রপতি | দিল্লি |
| পি ভি নরসিমা রাও (১৯২১-২০০৪) | পিভি ঘাট | প্রাক্তন প্রধানমন্ত্রী | দিল্লি |
| কৃষ্ণ কান্ত (১৯২৭-২০০২) | নিগমভূতঘাট | প্রাক্তন উপরাষ্ট্রপতি | দিল্লি |
| চন্দ্রশেখর (১৯২৭-২০০৭) | জাননায়ক স্থল | প্রাক্তন প্রধানমন্ত্রী | দিল্লি |
| রাজীব গান্ধী (১৯৪৪-১৯৯১) | বীরভূমি | প্রাক্তন প্রধানমন্ত্রী | দিল্লি |




স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর পক্ষে অমরেন্দ্র চক্রবর্তী কর্তৃক ২৯/১এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯ থেকে প্রকাশিত ও এবিপি প্রাঃ লিঃ, মৌজা: বড়বেড়িয়া, পোঃ জগন্নাথপুর, থানা: বারাসাত, জেলা: ২৪ পরগনা (উঃ) থেকে মুদ্রিত। প্রধান সম্পাদক: অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদক: মহাশ্বেতা সমাজদার ফোন: ২২৮৩-২৩২০, ২২৯০-০০০৮ ফ্যাক্স: ২২৮৭-৬৪৪৮
E-mail: swarnakshar.prakasani@gmail.com Website: www.swarnakshar.in